আল্লামা শায়খ আব্দুল কাদির বিন আব্দুল আযিয-এর ফতোয়া
গণতন্ত্রের ব্যাপারে ইসলামের রায় এবং এ বিষয়ের কিছু সংশয় নিরসন

ইসলামের দৃষ্টিতে ‘গণতন্ত্র’ -এর আসল রূপ

অনুবাদক: আবু মাহদী মুহাম্মদ বারী

আল-হাদীদ প্রকাশনী
মগবাজার, ঢাকা

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেনঃ

"যারা মনোযোগ সহকারে কথা (ভাল উপদেশ সমূহঃ লা- ইলাহা- ইল্লাল্লাহ্ - আল্লাহ্ ব্যতীত কোন ইলাহ নাই, ইসলামের একত্ববাদ, ইত্যাদি) শুনে এবং উহার মধ্যে যাহা উত্তম (আল্লাহ্র একক ইবাদত করা, তাঁর নিকট তওবা করা এবং তাগুতের সাথে কুফ্রী করা, ইত্যাদি) তা গ্রহণ করে, তাঁরাই হল আল্লাহ্র পক্ষ থেকে হেদায়াত প্রাপ্ত এবং মানুষের মধ্যে তাঁরাই হল বোধশক্তি সম্পন্ন।" (সূরা আয-যুমার ৩৯:১৮)

সূচীপত্র

অনুবাদকের কথা

বিসমিল্লাহির রাহমানির রাহীম

ফতোয়া একটি পবিত্র শব্দ, একটি পবিত্র ধারণা। একটি ধারালো অস্ত্র। জীবন সমস্যার সমাধানে এর ভূমিকা অতুলনীয়। ইসলামী পদ্ধতিতে এর প্রয়োজন অপরিমেয়। মুসলিম জীবন ধারায় এর অপরিসীম গুরুত্ব থাকার কারণেই এমন কি ভারতবর্ষে প্রচন্ড শক্তিধর বৃটিশ রাজত্বের বৈধতা প্রমাণের উদ্দেশ্যে তাদেরকে উসমানী খিলাফাহর নিকট থেকে ফতোয়া সংগ্রহ করতে হয়েছিল। ভারতবর্ষের অভ্যন্তরে থেকেও অবশ্য তারা ফতোয়া আদায় করতে সমর্থ হয়েছিল। তবে যে কোন উত্তম জিনিসেরই যেমন ভেজাল ও নকল আবিষ্কার হয় বেশি তেমনি যুগে যুগে কুফ্র ও জাহিলিয়াতের পা-চাটা উলামায়ে 'ছু'[1] কর্তৃক ইসলামের এ স্বচ্ছ সলিলবৎ পবিত্র পদ্ধতির অপব্যবহারও কম হয়নি। আনন্দের বিষয় আল্লাহ্র ছায়ায় একদল উলামায়ে হাক্কানী সকল যুগেই বর্তমান ছিলেন।

সম্প্রতি আমাদের দেশে পবিত্র ফতোয়া শব্দটিকে কেন্দ্র করে ধর্মদ্রোহী মুরতাদ শ্রেণী ও তাদের অনুসারীরা একটি নতুন ফিতনা শুরু করেছে। ইসলাম ও মুসলিমকে বিকৃত রূপদানের হীন মানসে তারা তাদের ধারাবাহিক কুৎসিত প্রচেষ্টার অংশ হিসেবে পবিত্র এ শব্দটিকে বীভৎস আকারে নতুন প্রজন্মের কাছে ঘৃণ্য রূপদানের অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। খান্নাস[2] -এর দল কথায় কথায় 'ফতোয়াবাজ ফতোয়াবাজ' চিৎকার দিয়ে শব্দটির মারাত্মক অপব্যবহারের মাধ্যমে মূলত আল্লাহ্র দ্বীনকে হেয় করার হীন প্রচেষ্টা চালাচ্ছে। কিন্তু হায়, ভাগ্যের নির্মম পরিহাস! একদা বিজয়ী আদর্শের অনুসারীরা নিজের ঘরের শত্রু বিভীষণদের হাতে কুপোকাৎ হয়ে হীনমন্যতায় ভুগছে। অপর পক্ষে ওরা মারাত্মক অন্যায়ভাবে তাদের মুসলিম নামগুলো ব্যবহারের সুবিধা ভোগ করছে। ওরা যখন হাক্কানী উলামাগণ কর্তৃক প্রদত্ত ঐতিহাসিক ফতোয়াগুলোর কথা বলে ধূম্রজাল সৃষ্টির পাঁয়তারা করে তখন এরা আত্মরক্ষামূলক পলায়নী মানসিকতায় ভোগে, মূল বক্তব্য থেকে দূরে সরে আসার চেষ্টা করে, ঐ ফতোয়াগুলোর 'গ্লানি' থেকে গা বাঁচাতে চায়। অথচ এদের উচিত ছিল বজ্রনিনাদে এর পক্ষাবলম্বন করা। বস্তুবাদী পাশ্চাত্য শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধে যুগশ্রেষ্ঠ শায়খ মিশরের শাহ আব্দুল আযীয (রহ.) কর্তৃক প্রদত্ত এমনি একটি ঐতিহাসিক ফতোয়া। আজ প্রয়োজন ছিল এ ফতোয়ার আসল কপি জনসমক্ষে প্রকাশ করে সমস্ত ধূম্রজাল ছিন্ন করে এর ঐতিহাসিক বাস্তবতা তুলে ধরা। কেননা এ মহান চিন্তাবিদের সমস্ত আশংকাই আজ জ্বলন্ত বাস্তব হয়ে ফুটে উঠেছে। ইংরেজদের প্রবর্তিত খোদাহীন বস্তুবাদী শিক্ষা ব্যবস্থার কুফল আজ প্রত্যেকের হাতে হাতে। এ কুৎসিত শিক্ষা ব্যবস্থার ফলেই মুসলিম জাতির আকৃতি ও প্রকৃতি আজ পরিবর্তিত হয়ে গেছে। চিন্তা-চেতনার দিক থেকে উম্মাহর একটি অংশ আজ দ্বীন থেকে শুধু অনেক দূরেই নয় বরং ধর্মত্যাগের কাছাকাছি পৌছেছে। কেউ কেউ প্রকাশ্য ঘোষণার মাধ্যমে তা-ই করছে। সে দূরদর্শী বুদ্ধিজীবি ওয়ালী আল্লাহ্কে আজ শত অভিনন্দন এ জন্য যে, অন্তত তাঁর বা তাঁদের সময়োপযোগী মহান ফতোয়ার ফলেই একদল লোক সকল বিভ্রান্তির বেড়াজাল ছিন্ন করে আজও শির উঁচু করে দাঁড়িয়ে আছে।

তবে হ্যাঁ, ফতোয়া পথের দিশা দিতে পারে কিন্তু সে স্বয়ং কাজ করে দিতে পারে না। এ জন্য একদল জানবাজ লোকের প্রয়োজন হয়। তাঁরা নিজেদের জীবন দিয়ে এ আদর্শকে আঁকড়ে ধরে প্রমাণ করবেন যে, তাঁরাই সত্যি। যখন ফতোয়া দেওয়া হবে- এ কাজটি এভাবে করো না তখন সাথে সাথে বাতলে দিতে হবে ওভাবে কর এবং রাসূলুল্লাহ্ (সাঃ) এর প্রকৃত অনুসারী শুধু ফতোয়া দিয়েই ক্ষান্ত হবেন না, নিজে মাঠে নেমে তা হাতে-কলমে শিক্ষাও দিবেন। এক্ষেত্রে পাশ্চাত্য শিক্ষা ব্যবস্থা বিরোধী ফতোয়াটি আংশিক হলেও সফল হয়েছে, আলহামদুলিল্লাহ্। পরবর্তী অনুসারীগণ আরেকটু মেহনত করে নিজস্ব পদ্ধতির শিক্ষা ব্যবস্থার সাথে সমাজ রাষ্ট্র পরিচালনা সংক্রান্ত যোগ্যতা সৃষ্টির উপাদানগুলোর সংযোগ সাধন করতে পারলে তা অবশ্যই ষোলকলায় পরিপূর্ণ হতে পারত।

বর্তমান ফতোয়াটির ব্যাপারেও অনুরূপ বক্তব্য প্রযোজ্য। অবশ্য এ ফতোয়ার শুধু সমস্যাই নির্দেশ করা হয়নি বরং এর সমাধানে বিকল্প পদ্ধতিও নির্দেশিত হয়েছে। শুধু তাই নয়, ফতোয়াদাতা স্বয়ং এর মাঠকর্মী। সুতরাং মুসলিমদের মধ্য থেকে একটি দলও যদি এ আদর্শকে গ্রহণ করে তাহলে ইনশাআল্লাহ্ নির্যাতিতের কান্নার জবাবে আল্লাহ্র সাহায্য ও বিজয় অতি নিকটবর্তী।

উম্মাহ আজ একটি বিপ্লবের প্রসব বেদনায় কাতর। আমরা এর সমব্যথী। ইনশাআল্লাহ্ বিপ্লব অত্যাসন্ন। কেননা আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেন, ***"আর বলুন, সত্য সমাগত, অসত্য বিতাড়িত, মিথ্যার পতন অবশ্যম্ভাবী।"*** (১৭:৮১)।

---

[1] উলামায়ে 'ছু' - মন্দ আলেমরা- যারা তুচ্ছ মূল্যে আল্লাহ্র দ্বীনকে বিক্রি করে দেয়।

[2] খান্নাস - কুমন্ত্রণাদায়ক।

তাই সবাইকে সচেতন থাকতে হবে যাতে সে বিপ্লব সঠিক ধারায় প্রবাহিত হয়। শত্রুরা যাতে আবার সে বিপ্লবের ফলাফল ছিনতাই করতে না পারে- যার নমুনা ইতিমধ্যেই শুরু হয়েছে। আমাদের কাছে সে বিপ্লবই একমাত্র গ্রহণযোগ্য যার মাধ্যমে প্রতিষ্ঠিত হবে "খিলাফাত আলা মিনহাজিন নুবুওওয়াহ"। এমন কি শুধু 'খিলাফাহ' নয়- নয় উমাইয়া, আব্বাসীয় কিংবা উসমানীয়দের নব সংস্করণ।

আমরা মুসলিম ভ্রাতৃবৃন্দকে পরিষ্কার ভাষায় জানিয়ে দিতে চাই, কারো মনে আঘাত দেওয়া আমাদের উদ্দেশ্য নয়। আমরা শুধু আমাদের মাওলার পরম রেজামন্দি হাসিল করার উদ্দেশ্যে তাঁর বান্দাহদেরকে সঠিক পথের দিশা দানের জন্যেই এ ফতোয়াটি বাংলায় তরজমা করে প্রকাশ ও প্রচার করছি। এছাড়া আমাদের অন্য কোন মতলব নেই। কারো প্রতি আমাদের বন্ধুত্ব ও শত্রুতা আল্লাহ্‌রই উদ্দেশ্যে নিবেদিত। তাই করজোড় মিনতি, কেউ এটাকে ব্যক্তিগত কিংবা দলগতভাবে গ্রহণ করবেন না। বরং উন্মুক্ত মনে দ্বীনের স্বার্থ ও উম্মাহ্‌র কল্যাণকে সামনে রেখে বিচার-বিবেচনা করবেন। শায়খের ইল্‌ম, আমল, মুজাহাদা, বয়স, মেধা, ইত্যাদি বিষয়ের অগ্রসরতাকে সামনে রেখেই আমরা এ ফতোয়াখানা প্রচার করার সিদ্ধান্ত নিয়েছি। আবিলতামুক্ত মনে পাঠ করলে অবশ্যই দেখতে পাবেন শায়খ তাঁর নিজের পক্ষ থেকে খুব কম কথাই বলেছেন। বরং আল-কুরআন, হাদীস এবং সলফে সালেহীনের বক্তব্যের বহুল উদ্ধৃতি দ্বারাই সিদ্ধান্তে উপনীত হয়েছেন।

এ পুস্তিকাখানা মূলত : শায়খের আরবীতে সুলিখিত বিশাল কিতাব "আল- জামে'আ ফী তালাবিল ইল্‌ম-ই-শরীফ" প্রথম খন্ডের ১৪৬-১৫৫ পৃষ্ঠার তরজমা মাত্র। আমরা এর ইংরেজী কপি থেকে ভাষান্তর করেছি। সমস্ত ভুল-ত্রুটির জন্য আল্লাহ্‌ সুবহানাহু ওয়া তা'আলার নিকট ক্ষমাপ্রার্থী। একমাত্র তাঁরই আশ্রয় ও বন্ধুত্ব কামনা করি। তাঁর দরবারেই শুধু মস্তক অবনত করি। সমস্ত কুফর, ফিসক্ব, নেফাক্বের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করি। মুসলিম রাষ্ট্রে ব্যবস্থায় বিশ্ব মালিকের শরীয়াহ্‌ রদকারী কাফেরদের ধ্বংস কামনা করি। আমি সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ্‌ ছাড়া কোন ইলাহ নেই। তিনি এক ও অদ্বিতীয়; তাঁর কোন শরীক নেই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ (সাঃ) তাঁর বান্দাহ্‌ ও রাসূল। নিশ্চয়ই আমার সালাত, আমার কুরবানী, আমার জীবন ও আমার মৃত্যু আল্লাহ্‌র জন্যে যিনি সারা জাহানের প্রভু (রব)।

লেখকের সংক্ষিপ্ত পরিচিতি

জিহাদ শেষে বড় লরি ভর্তি কিতাব বোঝাই করে শায়খ চলেছেন আফগানিস্তান ছেড়ে। সীমান্তে কাস্টম অফিসাররা বাধা দিল। তারা তাঁকে একজন বই ব্যবসায়ী মনে করে এক্সপোর্ট-ইমপোর্ট লাইসেন্স দেখাতে বলল। শায়খ বললেন, সবগুলো কিতাবই তাঁর নিজের। কিন্তু নাছোড় কাস্টম অফিসাররা এতগুলো পুস্তককের মালিকানা প্রমাণ পেশ করতে বলল। শায়খ বললেন, ঠিক আছে তোমরা পরীক্ষা করে দেখতে পার, প্রত্যেকটি কিতাবের কোন না কোন জায়গায় হাতে লেখা নোট পাবে। অনুসন্ধান করে শায়খের কথা সত্য বুঝতে পেরে তারা তাঁকে যাওয়ার অনুমতি দিল।

তিনি হচ্ছেন শায়খ আব্দুল কাদির বিন আব্দুল আযীয। শুধু একজন জ্ঞান পিপাসুই নন, জিহাদের আমীরও। আল্লাহ্‌র মহব্বতে দ্বীনকে গালিব করার স্বপ্ন নিয়ে নিজ বাড়ি-ঘরের মোহ ত্যাগ করে যিনি দেশে দেশে জিহাদের অগ্নিমশাল জ্বেলে ঘুমন্ত উম্মাহকে জাগিয়ে বেড়াচ্ছেন। তিনি কোন অলস ফতোয়াবাজ নন। জন্ম কায়রোর নিকটবর্তী স্থানে একটি দ্বীনদার পরিবারে। তাঁর ইল্‌মে দ্বীন ও শরীয়াহ্‌র ওস্তাদ এবং রাজনৈতিক ও আধ্যাত্মিক গুরু হচ্ছেন ইহুদী কাফির ও মুনাফিকদের ষড়যন্ত্র কবলিত হয়ে আমেরিকার পশুবাদী জিন্দাখানায় নির্যাতিত অসাধারণ স্মৃতিশক্তির অধিকারী, মাত্র দশ বছর বয়সে আল-কুরআন কণ্ঠস্থকারী জন্মান্ধ হাফিজ বিশ্ব বিখ্যাত আল-আযহারের শায়খ মহান মুজাহিদ ওমর আহমদ আলী আব্দুর রহমান। পঞ্চাশোর্ধ শায়খ আব্দুল কাদির বিন আব্দুল আযীয প্রথম জীবনে একজন চিকিৎসক হিসেবে মিশরের স্বাস্থ্য মন্ত্রণালয়ের উচ্চ পদে আসীন ছিলেন। কিন্তু জিহাদের হাতছানী বেশীদিন তাঁকে সেখানে টিকতে দেয়নি। আল্লামা সাইয়েদ কুতুব শহীদ (রহ.) এবং তাঁর পরিবার, শহীদ আব্দুল ফাত্তাহ ইসমাইল, শায়খ আব্দুল কাদির আওদাহ শহীদ এবং অন্যান্য অগণিত মুজাহিদীনের ব্যক্তিত্ব ও কুরবানীতে আকৃষ্ট হয়ে ছাত্র জীবনেই তিনি ইসলামী আন্দোলনের সাথে জড়িত হন। ১৯৭৯ ঈসায়ী সনের প্রারম্ভিক দিক দিয়ে মিশরের জামাত আল-জিহাদ -এ যোগদান করেন। একই বছর কমিউনিস্ট কাফিরা আফগানিস্তান দখল করার পর তিনি আফগান জিহাদে শরীক হওয়ার সিদ্ধান্ত নেন। আফগান জিহাদে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

এখানে তিনি ইসলামের আরেক শ্রেষ্ঠ সন্তান আল-আযহারের শায়খ শহীদ আব্দুল্লাহ্‌ আয্‌যামের সংস্পর্শে আসেন, যিনি ফতোয়া দিয়েছিলেন - 'সলফে সালেহীন এবং আহলুল ইলমগণের সর্বসম্মতিক্রমে একবিঘত পরিমাণ মুসলিম ভূমি শত্রু কবলিত হলে পর্যায়ক্রমে সমগ্র উম্মাহ্‌র ওপর জিহাদ করা ফরযে আইন', যা সর্বপ্রথম ইবনে লাদনা মসজিদে সৌদী আরবের গ্রান্ড মুফতি শায়খ আব্দুল আযীয বিন বায কর্তৃক ঘোষিত হয় এবং সাবেক সৌদী গ্রান্ড মুফতি ও ইয়েমেনের গ্রান্ড মুফতিসহ একদল পন্ডিত ও জিহাদের আমীর কর্তৃক স্বাক্ষরিত হয়। লাল ফৌজের ওপর বিজয়ী হওয়া পর্যন্ত উভয় শায়খই আফগান জিহাদে শরীক ছিলেন। কিন্তু বিজয়ের পর মুজাহিদদের মধ্যে অন্তকলহ শুরু হলে তিনি আফ্রিকার একটি উদীয়মান ইসলামী দেশের উদ্দেশ্যে আফগানিস্তান ত্যাগ করার সিদ্ধান্ত নেন। আফগানিস্তানে তাঁর অবস্থানকালে শায়খের দায়িত্ব ছিল শরীয়াহ্‌র ওপর গবেষণা। এ সময় তিনি "আল-উমদা ফী লাদাদ আল-উদ্দাহ লিল জিহাদ ফী সাবিলিল্লাহ্‌" কিতাবখানা রচনা করেন যা বিশ্বব্যাপী মুজাহিদদের জন্য একটি মহান প্রেরণার উৎস। তাঁর পরবর্তী কিতাব খানা হচ্ছে "আল-হাদী ইলা সাবিলির রাশাদ"। কিতাবখানা প্রায় এক হাজার পৃষ্ঠার যা তিনি সাত বছরে সমাপ্ত করেন। এতে যে সব বিষয়ে মুসলিমগণ এখনো বিভ্রান্তির শিকার তা আলোচনা করা হয়েছে। উম্মাহ এখন ইসলামের সাথে বেমানান ধর্মদ্রোহী মতাদর্শগুলোর প্রচন্ড আক্রমন মুকাবেলা করছে। তিনি সন্দেহাতীত ভাবে প্রমাণ করেছেন যে, গণতন্ত্র হচ্ছে কুফ্‌র এবং এ সিদ্ধান্তে উপনীত হন যে, এটা হচ্ছে বর্তমান পাশ্চাত্যের ধর্ম এবং নিখাদ কুফর ও শির্‌ক। উম্মাহ্‌র একটি অংশ আজ পরাজিত মানসিকতার শিকার হয়ে মুরতাদ হয়ে যাচ্ছে। আল্লাহ্‌র রোষ থেকে বাঁচতে হলে সবাইকে সচেতন হতে হবে। তিনি মুসলিম বিশ্বের সরকারগুলোরও মুখোশ উম্মোচন করেন এবং আল্লাহ্‌র শরীয়াহ্‌র শাসন ও বর্তমান শাসকদের কামনা-বাসনা অনুযায়ী আমদানীকৃত বেমানান 'ইজম'গুলোর শাসনের মধ্যে সুস্পষ্ট পার্থক্য তুলে ধরেন।

সম্প্রতি শায়খ ইয়েমেনে বাস করছেন এবং জিহাদের দাওয়াত ও তারবিয়াত লিপ্ত রয়েছেন।[৩] আল্লাহ্‌ সুবহানাহু ওয়া তা'আলা মুসলিমদের অন্তরে জিহাদের অগ্নিমশাল পুনঃপ্রজ্বলিত করার তাঁর এ প্রচেষ্টাকে কবুল করুন এবং তাদেরকে হক ও বাতিলের পার্থক্য অনুধাবন করার তৌফিক দিন। সম্মানিত শায়খকে সুস্থ, সুদীর্ঘ, সৎ কর্মময়পূর্ণ হায়াত ও উত্তম জাযা দিন। আমীন।।

[৩] বর্তমানে তিনি জালেম শাসকদের কারাগারে বন্দী অবস্থায় আছেন, আল্লাহ্‌ তাঁর মুক্তি তরান্বিত করুন।

ভূমিকা

নিশ্চয়ই সমস্ত প্রশংসা আল্লাহ্ তা'আলার জন্য। অতঃপর শান্তি বর্ষিত হোক নবী মুহাম্মদ (সাঃ), তাঁর পরিবার বর্গের ও তাঁর সাহাবীদের (রা.) এর উপর শেষ দিন পর্যন্ত।

আবু হামিদ আল-গাজ্জালী (রহ.) বলেন, "জেনে রাখো, কর্ম যদিও বিভিন্ন প্রকার হয়ে থাকে, যেমনঃ করা, বলা, চলা, স্থির থাকা, ধাক্কা দেয়া, চিন্তা করা, স্মরণ রাখা ইত্যাদি যা গুণে কিংবা অনুসন্ধান করে শেষ করা কল্পনাতীত তা মূলত তিনটি শ্রেণীতে আবদ্ধ। সেগুলো হচ্ছে - পাপ, আনুগত্য বা সওয়াব এবং মুবাহ (অনুমোদিত কথা বা কাজ)।

প্রথম শ্রেণী : পাপ সমূহ। নিয়্যতের কারণে এগুলোর প্রকৃতিতে কোন পরিবর্তন আসে না। অতএব অজ্ঞদের চিন্তা করা এবং বোঝা উচিত যে, "কর্মসমূহ হচ্ছে নিয়্যতের ওপর নির্ভরশীল"- রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এ বাণীতে ব্যাপকতার জন্য ভাল নিয়্যতের দ্বারা কোন পাপ কাজ সওয়াবের কাজে পরিবর্তিত হতে পারে না। যেমনঃ মঙ্গলের নিয়্যতে অন্যের অন্তরকে খুশি করার জন্য কারো গীবত করা, অন্যের টাকায় দরিদ্রকে খাদ্যদান অথবা অবৈধ অর্থের দ্বারা মাদ্রাসা, মসজিদ কিংবা সেনানিবাস তৈরী করা এসবই হচ্ছে অজ্ঞতা এবং এগুলোর জুলুম, অন্যায় ও পাপ হওয়ার ব্যাপারে নিয়্যতের কোন প্রভাব নেই। প্রকৃতপক্ষে অসৎ উপায়ে সওয়াব লাভের চেষ্টা করার অর্থ - যা শরীয়াহ্‌র উদ্দেশ্যেও বিপরীত- হচ্ছে আরেকটি পাপ। তাই কেউ যদি এ ব্যাপারে সচেতনভাবে এরকম করে তা হলে শরীয়াহ্‌র বিবেচনায় সে অবাধ্য হিসেবে পরিগণিত হবে। কিন্তু যদি অজ্ঞতার কারণে এটাকে এড়িয়ে যায় তাহলে গুনাহগার হবে। কারণ জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলিমের ওপর বাধ্যতামূলক। অধিকন্তু যেখানে শরীয়াহ্ অনুযায়ী ভাল কাজগুলোও গ্রহণযোগ্য নয়, সেখানে অসৎ কাজগুলো কিভাবে ভাল বলে গণ্য হতে পারে? তা কক্ষনো সম্ভব নয়। বাস্তবিক পক্ষে যে সব জিনিস এটাকে অন্তরে উদ্রেক করে সেগুলো হচ্ছে গোপন আনন্দ এবং আত্মিক বাসনা।

তিনি (আল-গাজ্জালী) বলতে থাকেন, যার অন্তর্নিহিত অর্থ হচ্ছে যে কেহ মূর্খতার জন্যে পাপ পথে ভাল কাজ করার নিয়্যত করবে সে শাস্তি থেকে রেহাই পাবে না, যদি না সে একজন নওমুসলিম হয় এবং ইতিমধ্যে জ্ঞানার্জনের সময়ও না পেয়ে থাকে। অবশ্য আল্লাহ্ তা'আলা বলেনঃ
"আপনার পূর্বেও আমি প্রত্যাদেশসহ মানবকেই তাদের প্রতি প্রেরণ করেছিলাম অতএব আহলুল জিক্‌র (জ্ঞানী, আল্লাহ্ ভীরু, আল্লাহ্‌কে অধিক স্মরণ করে এমন ব্যক্তিদেরকে) জিজ্ঞেস কর, যদি তোমাদের জানা না থাকে।" (১৬:৪৩)।

এবং তারপর তিনি (আল-গাজ্জালী) আরও বলেন, অতএব "কর্মসমূহ নিয়্যতের ওপর নির্ভরশীল"- তাঁর (সা.) এ বাণী সংশ্লিষ্ট তিনটি শ্রেণীর মধ্যে যতদূর সওয়াবের কাজ ও মুবাহাত (অনুমোদিত) কাজদ্বয়ের মধ্যে সীমাবদ্ধ; পাপ কাজের সাথে এর কোন সম্পর্ক নেই। কেননা খারাপ নিয়্যতের কারণে ভাল কাজও পাপে পরিণত হতে পারে; তেমনি নিয়্যতের পার্থক্যের কারণে মুবাহ বিষয়ও পাপ কিংবা সওয়াবে রূপান্তরিত হতে পারে; কিন্তু ভাল নিয়্যত রাখার কারণে পাপের কাজ কখনো সওয়াবের কাজে পরিবর্তিত হতে পারে না। হ্যাঁ, নিয়্যত পাপের কাজেও হস্তক্ষেপ করতে পারে; আর তা হচ্ছে যখন অন্যান্য অনেকগুলো খারাপ উদ্দেশ্য (নিয়্যত) একই পাপকার্যে অন্তর্ভূক্ত হবে এবং যা এর বোঝাকে এবং বিশাল দুষ্ট পরিণামকে আরো স্ফীত করবে।

দ্বিতীয় শ্রেণী : আনুগত্য বা সওয়াবের কাজ। এগুলো খাঁটি (বুনিয়াদের সাথে সম্পর্কিত) নিয়্যতের এবং পুরস্কার বৃদ্ধির সাথে সংযুক্ত। যেমন, মূলত প্রত্যেকের উচিত একমাত্র আল্লাহ্ তা'আলার উপাসনার নিয়্যত করা এবং এর (আনুগত্যের) সাথে অন্য কাউকে শরীক না করা। কিন্তু কেউ যদি লোক দেখানোর উদ্দেশ্যে তা করে তাহলে তা একটি পাপে পরিণত হবে। ভাল নিয়্যতের পরিণাম বৃদ্ধির সাথে পুরস্কার বৃদ্ধিও জড়িত। কারণ কেউ একই সওয়াবের কাজে অনেকগুলো ভাল নিয়্যত রাখতে পারেন। অতঃপর মহাসত্যের (আল-কুরআন) খবর অনুযায়ী প্রত্যেকটি পুরস্কার দশগুণ (হতে আরও অধিক বৃদ্ধি) পাবে- এবং তিনি (আল-গাজ্জালী) বলেনঃ

তৃতীয় শ্রেণী : মুবাহাত (অনুমোদিত কাজ ও কথা)। প্রত্যেকটি মুবাহ কাজে এক বা একাধিক নিয়্যত রাখা যেতে পারে যা আল্লাহ্‌র নৈকট্য লাভের সর্বোত্তম পন্থার অন্যতম হতে পারে এবং যার দ্বারা সর্বোচ্চ পুরস্কার অর্জিত হতে পারে। যে ব্যক্তি এগুলো উদ্দেশ্যহীন গবাদী পশুর ন্যায় নিয়্যতবিহীন এবং অসতর্কভাবে করে তার কি বিরাট ক্ষতিই না হয়।

একটি উপকারী বিষয়ঃ একমাত্র সুনির্দিষ্ট বৈধ প্রমাণ ব্যতীত নিয়্যত দ্বারা পাপ কাজ কখনো অনুমোদিত (মুবাহ) হিসেবে পরিগণিত হতে হয় না।

জেনে রাখুন, হযরত আবু হামিদ আল-গাজ্জালী (রহ.) পূর্বোল্লেখিত বক্তব্য অনুযায়ী পাপ কাজ কখনো অনুমোদিত (মুবাহ) কিংবা সওয়াবে রূপান্তরিত হয় না। আরও জেনে রাখুন, যদি কখনো কোন সুনির্দিষ্ট উপলক্ষে কোন পাপ কাজের অনুমতি দেওয়া হয় তাহলে তা সে সুনির্দিষ্ট প্রমাণ ব্যতীত ব্যবহার করা সিদ্ধ নয় এবং তা শুধুমাত্র নিয়্যতের কারণেও দেওয়া হয় না। উদাহরণস্বরূপ:

(ক) মিথ্যা বলা মহাপাপ (গুনাহ কবীরা) এবং এটা নিষিদ্ধ। তথাপি তিনটি ক্ষেত্রে মিথ্যা বলা জায়েয (অনুমোদিত)। তবে তা শুধুমাত্র নিয়্যতের কারণে নয় বরং আল্লাহ্‌র রাসূলের (সা.) হাদীসের কারণে। তিনটি ক্ষেত্র হচ্ছে: যুদ্ধ, ঝগড়াঝাটি নিরসন এবং স্বামী-স্ত্রীর মিলমিশ।

(খ) মৃত পশুর গোশত হারাম এবং তা ভক্ষণ করা কবীরা গুনাহ। তথাপি অনন্যোপায় ক্ষুধার্তের জন্য তা হালাল। তাও আল্লাহ্‌র কিতাবের ভাষ্যের কারণে, নিয়্যতের জন্য নয়। আল্লাহ্ তা'আলা বলেন, ***"তিনি তোমাদের জন্য হারাম করেছেন মৃত জীব, রক্ত, শুকরের মাংস এবং সে সব জীবজন্তু যা আল্লাহ্ ব্যতীত অপর কারো নামে উৎসর্গ করা হয়। অবশ্য যে লোক অনন্যোপায় হয়ে পড়ে এবং নাফরমান ও সীমালংঘনকারী না হয় তার জন্য কোন পাপ নেই। নিঃসন্দেহে আল্লাহ্ মহান ক্ষমাশীল, অত্যন্ত দয়ালু।"*** (২:১৭৩)।

তবে যে প্রমাণ দ্বারা (অস্থায়ীভাবে) কোন পাপ কাজ বৈধ হয় তা শুধু সে বিষয়ই সীমাবদ্ধ এবং অবশ্যই তা কিয়াসের শর্তাধীন নয়।

আসলে আমার পঠিত একখানা ফতোয়ার ব্যাপারে আলোচনা করার জন্য আমি এ উপকারী বিষয়টি উল্লেখ করেছি। ফতোয়াটি দান করেছেন বর্তমান যুগের অন্যতম শায়খ আব্দুল আযীয বিন বায। এ ফতোয়ায় তিনি আল্লাহ্‌র পথে দাওয়াত দেওয়ার নিয়্যতে অথবা এ জাতীয় কোন উদ্দেশ্যে মানব রচিত আইনে শাসিত দেশসমূহে আইন রচনাকারী পার্লামেন্টে মুসলিমদের জন্য সদস্য প্রার্থী হওয়াকে অনুমোদনযোগ্য করেছেন। "কর্মসমূহ নিয়্যতের ওপর নির্ভরশীল" এ হাদীস দ্বারা তিনি এটাকে প্রমাণ করার চেষ্টা করেছেন।

আইনসভার সদস্য প্রার্থী হওয়ার বৈধতা এবং আল্লাহ্‌র পথে আহ্বানকারী দ্বীনি ভাইদের আইন সভায় নির্বাচনের নিয়্যতে ভোটদানের উপায় গ্রহণের ব্যাপারে ইসলামের রায় প্রসংগে উত্থাপিত প্রশ্নের জবাবে অবশ্য "লিওয়া আল-ইসলাম" ম্যাগাজিনের ১৪০৯ হিজরী সনের ১১শ' সংখ্যায় (ক্রোড়পত্রের ৭ম পৃঃ) উল্লেখ করেন, আইনসভায় যোগদানে কোন পাপ নেই। হযরত শায়খ বিন বায ফতোয়ার শুরুতেই উল্লেখ করেছেন, "নিশ্চয়ই রাসূলুল্লাহ্ (সা.) বলেন, *'সব কাজই নিয়্যত অনুযায়ী হয়। আর প্রত্যেক ব্যক্তি যা নিয়্যত করে তাই পায়।'* তাই সত্যের সমর্থন এবং মিথ্যার বিরোধিতার শর্তে আইনসভায় যোগদানে কোন পাপ নেই। কারণ এর অপরিহার্য ফল হচ্ছে আল্লাহ্‌র পথে আহ্বানকারীদের সংগী হয়ে সত্যের সাহায্য করা। তদ্রুপ আল্লাহ্‌র পথে আহ্বানকারী এবং সত্য ও সত্যানুসারীদের সমর্থক ধর্মানুরাগী ব্যক্তিগণকে নির্বাচনে সহযোগিতার উদ্দেশ্যে ভোটদানে অংশগ্রহণ করাতেও কোন পাপ নেই। আল্লাহ্ই একমাত্র তৌফিকদাতা।" বিন বাযের ফতোয়া এখানেই শেষ।

আমি বলছি, "নিয়্যত দ্বারা পাপ কাজ অনুমোদনযোগ্য হয় না"- আল-গাজ্জালীর এ উদ্ধৃতি অনুযায়ী এটা একটা ভুল ফতোয়া। অধিকন্তু কুফ্‌র হচ্ছে সর্ববৃহৎ পাপ। আর যেহেতু আইনসভায় যোগদান হচ্ছে কুফর তাই নিয়্যতের কারণে তা অনুমোদনযোগ্য হতে পারে না। এটা এ কারণে যে, আইনসভার মাধ্যমেই গণতান্ত্রিক ব্যবস্থা বাস্তবায়িত হয়। তাই এতে অংশগ্রহণ কিংবা সদস্য নির্বাচনের ব্যাপারে সিদ্ধান্ত জানা নির্ভর করে বাস্তব জ্ঞানসাপেক্ষে গণতন্ত্রের ব্যাপারে সিদ্ধান্ত জানার ওপর। কারণ, ফতোয়ার উদ্দেশ্য হচ্ছে একটি (নির্দিষ্ট) অবস্থার ওপর (ইসলামের) আইনগত বাধ্যবাধকতা সম্বন্ধে জানা। এরূপে আমরা গণতন্ত্রের বাস্তবতার বিশদ ব্যাখ্যা দ্বারা শুরু করে এ ব্যাপারে গৃহীত সিদ্ধান্ত এবং অতঃপর পার্লামেন্টে অংশগ্রহণ সম্পর্কে আলোচনা করব। আল্লাহ্ আমাদের তৌফিক দিন।

গণতন্ত্রের আসল রূপ

ভূমিকা: শায়খুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়্যাহ (রহ.) বলেন, "ফুক্বাহায়ে কেরাম বলেন, 'নামসমূহ হচ্ছে তিন প্রকার। এক: যেগুলোর সংজ্ঞা শরীয়াহ্ কর্তৃক নির্ধারিত। যেমন, সালাত এবং যাকাত। দুই: যেগুলোর সংজ্ঞা (আরবী) ভাষায় প্রদত্ত। যেমন, সূর্য এবং চন্দ্র। তিন: যেগুলোর সংজ্ঞা (জনসাধারণের) মধ্যে থেকে অবগত হওয়া যায়। যেমন, আল-ক্বাবদ (সংকুচিত করা) শব্দটি এবং "সম্মান" শব্দটি যার উল্লেখ আল্লাহ্ করেছেন, এবং তাদের (তোমাদের স্ত্রীদের) সাথে বসবাস কর সম্মানজনকভাবে'।" (মাজমু আল-ফাতাওয়া ১৩/২৮। তিনি এ গ্রন্থের অন্যান্য স্থানে [৭/২৮৬, ১৯/৫২৩] তা পুনরুল্লেখ করেছেন)।

যেহেতু গণতন্ত্র (Democracy) শব্দটির উল্লেখ শরীয়াহ্‌তে নেই এবং এটি আরবী ভাষার শব্দও নয়, তাই এর অর্থ ও প্রকৃত বাস্তবতা জানার জন্য সে সব মানুষের প্রথা বা রীতিনীতির মুখাপেক্ষী হতে হবে যারা এর বিধি-বিধান রচনা করেছে। এ প্রসঙ্গে হাফিজ ইবনুল কায়্যিম মুফতি হওয়ার নিয়ম-কানুনের ওপর রচিত 'আহকামুল মুফতি' তে বলেন, "(তাঁর (মুফতি) জন্য অনুসমর্থন (চুক্তি, ইত্যাদি), শপথ ঘোষণা অথবা শব্দের (অর্থাৎ তৃতীয় প্রকার নাম সমূহ) সাথে সম্পর্কিত অন্যান্য ব্যাপারে মূল ভাষাভাষীদের প্রথা না জেনে এসব শব্দ থেকে সচরাচর নিজের বোঝা অর্থের ওপর নির্ভর করে ফতোয়া দান করার অনুমতি নেই। অতএব তাঁর উচিত তারা (ঐ ভাষাভাষী মানুষ) যেভাবে অভ্যস্ত এবং জ্ঞাত সেভাবে ফতোয়ায় প্রয়োগ করা, এমন কি যদি তা (এ শব্দসমূহের) বুৎপত্তিগত অর্থের বিপরীতও হয়। কিন্তু যখনই তিনি অন্যথা করবেন তখনই নিজেকে এবং অন্যান্যদেরকে বিপথে পরিচালিত করবেন।" (ইলামউল-মুত্তয়াক্বকীন ৪/২২৮)

এসবই হচ্ছে গণতন্ত্রের অর্থ অবগত হওয়ার জন্য যারা এর আসল জনক তাদের কাছে বিষয়টি অর্পণ করার বাধ্যবাধকতা। এরূপে কেউই নিজের মতলবমত এটাকে শূরা (ইসলামী পরামর্শ), রাজনীতি চর্চার (উপায়) অথবা অন্য কোন নামে বলতে পারবে না যার দ্বারা গণতন্ত্রের প্রকৃত রূপ এবং অতঃপর (এরূপ সংক্রান্ত ইসলামের) সিদ্ধান্ত হারিয়ে যায়।

যেহেতু গণতন্ত্র একটি পাশ্চাত্য রাজনৈতিক পরিভাষা তাই এর প্রকৃত মর্ম অবগত হওয়ার জন্য- যার ওপর গণতন্ত্র সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণ নির্ভরশীল- পূর্বোল্লিখিত ভূমিকা অনুযায়ী সে সম্প্রদায়ের মুখাপেক্ষী হওয়া প্রয়োজন। গণতান্ত্রিক সম্প্রদায়ের প্রথা অনুযায়ী গণতন্ত্রের অর্থ হচ্ছে জাতির তথা জনগণের প্রভুত্ব। আর এ প্রভুত্ব হচ্ছে একটি নিরংকুশ এবং সর্বোচ্চ কর্তৃত্ব যা অন্য কোন কর্তৃত্ব কর্তৃক নিয়ন্ত্রিত নয়। এ কর্তৃত্বের মধ্যে রয়েছে জনসাধারণ কর্তৃক তাদের নেতা নির্বাচন এবং যে ধরনের আইনই তারা চায় তা প্রণয়ন করার অধিকার। সাধারণত জনসাধারণ এ কর্তৃত্বের অনুশীলন করে পার্লামেন্ট সদস্য নির্বাচনের মাধ্যমে তাদের প্রতিনিধি প্রেরণ করে, যারা পার্লামেন্টে তাদের পক্ষ থেকে প্রতিনিধিত্বের দায়িত্ব পালনের মাধ্যমে কর্তৃত্বের ব্যবহার করেন। এনসাইক্লোপেডিয়া অব পলিটিক্স -এ উল্লেখ আছে, "সকল গণতান্ত্রিক ব্যবস্থা একই আদর্শের ওপর প্রতিষ্ঠিত, আর তা হচ্ছে 'প্রভুত্ব ও কর্তৃত্বের অধিকারী জনসাধারণ'। সারকথা, গণতন্ত্র হচ্ছে জনগণের প্রভুত্বের নীতি"।[৪]

প্রতিনিধিত্বশীল গণতন্ত্রকে সংজ্ঞায়িত করতে গিয়ে আব্দুল ওয়াহ্‌হাব আল-কিলালী আরো বলেন, "এর অর্থ হচ্ছে প্রভুত্বের মালিক জনগণ নিজে আইন রচনার কর্তৃত্ব অনুশীলন করে না। বরং তারা এ অধিকার এম.পি. দেরকে দান করে, যাদেরকে একটি নির্দিষ্ট মেয়াদে নির্বাচিত করে এবং তাদের (জনগণের) নামে কর্তৃত্ব অনুশীলন করার মাধ্যমে তাদের প্রতিনিধিত্বের দায়িত্ব পালনের জন্য নিয়োগ করে। পরিণামে সংসদীয় গণতন্ত্রে সংসদই (পার্লামেন্ট) হচ্ছে গণপ্রভুত্বের জিম্মাদার। সংসদই আইন প্রণয়ন এবং প্রণীত আইনের বিধি-বিধানের মাধ্যমে তাদের ইচ্ছাকে প্রকাশ করে থাকে। ঐতিহাসিকভাবে এ ব্যবস্থা প্রথমে ইংল্যান্ড ও ফ্রান্সে প্রতিষ্ঠিত হয় এবং পরে তাদের নিকট থেকে অন্যান্য দেশে হস্তান্তরিত হয় (পূর্বোক্ত, ২/৭৫)।

পূর্বোল্লিখিত বর্ণনা অনুযায়ী এটা পরিষ্কার যে, সংক্ষেপে গণতন্ত্র হচ্ছে জনগণের প্রভুত্ব, যা মূলত অন্য কোন কর্তৃত্বের অধীনতাহীন আইন প্রণয়নের নিরংকুশ অধিকারের সংক্ষিপ্তসার। এখানে প্রভুত্বের কতগুলো সংজ্ঞা উল্লেখ করা হল।

আইনের অধ্যাপক ডক্টর আব্দুল হামিদ মিতওয়ালী বলেন, "শাসন ব্যবস্থায় গণতন্ত্র জাতির প্রভুত্বে'র নীতিতে পরিণত হয়েছে।" অধিকন্তু সংজ্ঞানুযায়ী প্রভুত্ব হচ্ছে সেই সর্বোচ্চ কর্তৃত্ব যার ওপর অন্য কোন কর্তৃত্ব নেই।[৫]

পাশ্চাত্য রাজনীতিবিদ যোসেফ ফ্রাংকেল বলেন, "প্রভুত্বের অর্থ হচ্ছে সর্বোচ্চ কর্তৃত্ব যা এর ওপরে অন্য কোন কর্তৃত্ব স্বীকার করে না এবং যার পশ্চাতে সিদ্ধান্ত সমূহ পুনর্বিবেচনা করার মত কোন বৈধ কর্তৃত্বের অধিকারী নেই।" এ মৌলিক অর্থ

---

[৪] আব্দুল ওয়াহাব আল-কিলালী সংকলিত এনসাইক্লোপেডিয়া অব পলিটিক্স, ২য় খন্ড, পৃঃ ৭৫৬।

[৫] (ড. মিতওয়ালীর "Ruling System in Developing Countries" সংস্করণ ১৯৮৫, পৃঃ ৬২৫)

সাম্প্রতিককালের পরিবর্তিত রূপ নয়। প্রভুত্বের ওপর ১৫৭৬ খৃষ্টাব্দে প্রদত্ত জীন বোঁদার সংজ্ঞাটি অর্থাৎ "প্রভুত্ব হচ্ছে নাগরিকদের এবং ক্ষমতাশালীদের ওপর সর্বোচ্চ কর্তৃত্ব এবং যা আইন দ্বারা নিয়ন্ত্রিত নয়" সঠিকই থেকে যায়। অবশ্য যদিও বোঁদা তার যুগে যে প্রভুত্বের অধিকারকে রাজার সাথে বিশেষায়িত করেছিলেন তা পরে জাতির কাছে হস্তান্তরিত হয়ে যায়।"
যোসেফ ফ্রাংকেল -এর The International Relationship তুহামা পাবলিশিং, ১৯৮৪, পৃঃ ২৫

আধুনিক গণতন্ত্রের উৎপত্তি

গণতন্ত্রের স্তম্ভগুলো প্রতিষ্ঠিত হয়েছিল ১৭৮৯ খৃষ্টাব্দে ফরাসী বিপ্লবের মাধ্যমে। তবে তারও এক শতাব্দী পূর্বে ইংল্যান্ডে সংসদীয় (পার্লামেন্টারী) পদ্ধতি প্রতিষ্ঠিত হয়েছিল। আদর্শগত ভাবে জাতির প্রভুত্বের নীতি- যা হচ্ছে গণতান্ত্রিক মাযহাবের (বা ধর্মের) ভিত্তিস্বরূপ- ফরাসী বিপ্লবের পূর্বে কয়েক দশক ধরে ধীরে ধীরে গড়ে উঠতে থাকে। জাতির প্রভুত্ব তত্ত্বের ভিত্তিরূপে পরিগণিত সামাজিক চুক্তি মতবাদের প্রতিষ্ঠাতা জন লক, মন্টিস্কু এবং জীন জ্যাক রুশোর লেখায় তা প্রতিভাত হয়ে ওঠে। এটা ছিল প্রায় এক হাজার বছর ধরে ইউরোপে বিস্তৃত ঐশ্বরিক প্রতিনিধিত্ব মতবাদের বিরুদ্ধে একটি প্রতিক্রিয়া এবং যুদ্ধ। এ মতবাদ অনুযায়ী রাজা ঈশ্বরের/আল্লাহ্‌র প্রতিনিধি হিসেবে নিজের ইচ্ছেমত শাসন করতেন। পরিণামে যাজকদের সমর্থনে রাজাগণ চরম ক্ষমতার অধিকারী হন।

বাস্তবিকপক্ষে ইউরোপীয় সম্প্রদায়গুলো নিরংকুশ শাসনে দারুনভাবে জর্জরিত হয়। সে তুলনায় তাদের জন্য জাতির প্রভুত্ব অর্জন করা সর্বোত্তম বিবেচিত হয় যাতে তারা রাজা এবং যাজকদের দাবীকৃত ঐশ্বরিক শাসনের চরম রাজত্ব থেকে রেহাই পেতে পারে। অতএব মূলত গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছিল খোদায়ী কর্তৃত্বের রিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে মানুষকে সম্পূর্ণ কর্তৃত্বের মালিক বানিয়ে কোন প্রতিবন্ধকতা ছাড়াই নিজের জীবন বিধান রচনার পথ পরিষ্কার করার জন্য।

ঐশ্বরিক প্রতিনিধিত্বের মতবাদ থেকে জাতির প্রভুত্বের মতবাদে উত্তরণ শান্তিপূর্ণ উপায়ে সংঘটিত হয়নি। বরং এটা ছিল বিশ্বের রক্তাক্ততম ঘটনাগুলোর একটি। ফরাসী বিপ্লবের তো নীতিই ছিল ***"সর্বশেষ যাজকের নাড়িভুঁড়ি দ্বারা ঝুলিয়ে সর্বশেষ রাজাকে ফাঁসি দাও।"*** ডক্টর সাফার আল-হাওয়ালী বলেন, অত্যন্ত গুরুত্বপূর্ণ কতগুলো ফলাফল নিয়ে ফরাসী বিপ্লবের সমাপ্তি ঘটে। প্রকৃতপক্ষে খৃষ্টীয় ইউরোপের ইতিহাসে প্রথমবারের মত একটি ধর্মহীন প্রজাতান্ত্রিক রাষ্ট্রের উদ্ভব হয়। এর দার্শনিক ভিত্তি ছিল ঈশ্বর/আল্লাহ্‌র নামে কৃত শাসনের পরিবর্তে জনগণের নামে কৃত শাসন, ক্যাথলিকবাদের পরিবর্তে বিশ্বাসের স্বাধীনতা, ধর্মীয় আচরণ দ্বারা নিয়ন্ত্রিত হওয়ার পরিবর্তে ব্যক্তিস্বাতন্ত্রবাদ এবং গীর্জার সিদ্ধান্তের পরিবর্তে মানুষের তৈরী আইন।" (ড. সফর আল-হাওয়ালীর 'সেকিউলারইজম', পৃষ্ঠা ১৬৯, জমিয়ত-উল-কুরা সংস্করণ, ১৪০২ হিজরী)

বাস্তবিকপক্ষে ফরাসী বিপ্লবের নীতিমালা এবং শাসন পদ্ধতিতে জাতির প্রভুত্ব এবং বিধি-বিধান রচনায় তার অধিকারের মতবাদ পরিস্ফুটিত হয়। ১৭৮৯ খৃষ্টাব্দের অধিকার ঘোষণার ষষ্ঠ বিধানে তদ্রুপই বর্ণিত হয়েছে : ***"আইন হচ্ছে জাতির ইচ্ছার অভিব্যক্তি"***। তার অর্থ হচ্ছে আইন চার্চ (গীর্জা) অথবা খোদায়ী ইচ্ছার অভিব্যক্তি নয়। ১৭৯৩ খৃষ্টাব্দে ফরাসী শাসন পদ্ধতির সাথে একসঙ্গে প্রকাশিত মানুষের অধিকারের একটি ঘোষণার পঁচিশতম অধ্যায়ে বর্ণিত হয়েছে, *"প্রভুত্ব জনসাধারণের মধ্যে কেন্দ্রীভূত"*। (ড. সাইয়েদ সাবরীর Principles of Ruling System. পৃঃ ৫২)

তাই আব্দুল হামিদ মিতওয়ালী বলেন, "১৭৮৯ সনের বিপ্লবের নীতিমালা ইউরোপীয় গণতান্ত্রিক নীতিমালার ভিত্তি হিসেবে পরিগণিত হয়।" - Ruling System in Developing Countries, পৃষ্ঠা ৩০।

গণতন্ত্র, সংসদ সদস্য (এম.পি.) এবং ভোটারদের ব্যাপারে ইসলামের রায়ঃ

গণতন্ত্রের ব্যাপারে ইসলামের রায় নির্ভর করে এর অন্তর্ভুক্ত জনগণের প্রভুত্ব নীতির ওপর যার অর্থ: একটি সর্বোচ্চ কর্তৃত্ব যা তার উর্ধ্বে অন্য কোন কর্তৃত্ব স্বীকার করে না, কারণ এর কর্তৃত্ব স্বয়ম্ভূ। অতএব এটা নিজে যা ইচ্ছে করে তাই করে এবং অন্য কারো নিকট দায়ী না হয়ে নিজ ইচ্ছেমত আইন প্রণয়ন করে। কিন্তু তা হচ্ছে খোদায়ী আরোপ করা। কারণ, আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেন,

"....। আর আল্লাহ্ আদেশ করেন, তাঁর আদেশ রদ করার কেউ নেই। তিনি সত্বর হিসাব গ্রহণকারী।" (১৩:৪১)।

তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) আরও বলেন,
"....। নিশ্চয়ই আল্লাহ্ আদেশ করেন যা তিনি ইচ্ছে করেন।" (৫:১)।

অনুরূপ তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) আরও বলেন,
"নিশ্চয়ই আল্লাহ্ যা ইচ্ছে করেন তা-ই করেন।" (২২:১৪)।

এ থেকে আমরা এ সিদ্ধান্তে আসতে পারি যে, গণতন্ত্র মানুষকে আইন প্রণয়নের নিরংকুশ ক্ষমতা দান করে মানুষের ওপর উলুহিয়্যাত (ইবাদত পাবার দাবীদার) আরোপ করেছে। ফলে এটা আল্লাহ্ ব্যতীত মানুষকে ইলাহ্ বানিয়েছে এবং সৃষ্টির জন্য আইন প্রণয়নের অধিকার বিষয়ে তাঁর সাথে শির্‌ক করেছে। নিঃসন্দেহে এ হচ্ছে কুফ্‌রে আকবর (অর্থাৎ সে কুফ্‌র যা কাউকে

ইসলামের সীমারেখার বাইরে নিয়ে যায়)। আরো স্পষ্ট ভাষায় বলতে গেলে গণতন্ত্রের নতুন খোদা হচ্ছে মানুষের কামনা-বাসনা যা অন্য কোন কিছু কর্তৃক নিয়ন্ত্রিত না হয়ে নিজের খেয়ালখুশি এবং আকাঙ্খা অনুযায়ী আইন/বিধান প্রণয়ন করে।

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেন,
"আপনি [হে মুহাম্মদ (সা.)] কি তাকে দেখেছেন, যে স্বীয় প্রবৃত্তিকে নিজের উপাস্য করে রেখেছে? তবুও কি আপনি তার জিম্মাদার হবেন? অথবা আপনি কি মনে করেন যে, তাদের অধিকাংশই শোনে অথবা বোঝে? তারা তো নিছক চতুষ্পদ জন্তুর মত, বরং তারা আরও অধিক অধম!" (২৫:৪৩-৪৪)

এতে গণতন্ত্র একটি স্বপ্রতিষ্ঠিত ধর্মের রূপ লাভ করেছে, যে ধর্মে প্রভুত্বের মালিক জনগণ। অর্থাৎ জনগণের দ্বারা নির্বাচিত প্রতিনিধিরাই নিজেদের কামনা-বাসনা/প্রবৃত্তি অনুযায়ী আইন/বিধান রচনা করে। অপরপক্ষে ইসলাম ধর্মে প্রভুত্বের মালিক আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা। যেমন আল্লাহ্র রাসূল (সা.) বলেন, "প্রভু হচ্ছেন আল্লাহ্ তাবারাকা ওয়া তা'আলা।" (সুনানে আবু দাউদ, আল-আদাব অধ্যায়, হাদীস সহীহ)

গণতন্ত্র যে মানুষের ওপর উলুহিয়্যাত (খোদায়ী) আরোপ করার বিষয় নিজের আওতাভুক্ত করেছে সে সম্পর্কে বিশদ ব্যাখ্যা দিতে গিয়ে ওস্তাদ আবুল আলা মওদুদী বলেন, "পাশ্চাত্য সভ্যতার নীতিমালাঃ নিশ্চয়ই সে আধুনিক সভ্যতার ছত্রছায়ায় বর্তমান জীবন ব্যবস্থা, তার বিশ্বাস, আচরণ, অর্থনীতি, রাজনীতি এবং সংস্কৃতির বিভিন্ন শাখা-প্রশাখাসহ গড়ে উঠেছে তা তিনটি স্তম্ভের ওপর প্রতিষ্ঠিত। সেগুলো হচ্ছেঃ সেকিউলারইজম (ধর্মহীনতা), জাতীয়তাবাদ এবং গণতন্ত্র।" অতঃপর তিনি আরো বলেন, তৃতীয় নীতিটি (অর্থাৎ) গণতন্ত্র তথা মানুষের ওপর খোদায়ী আরোপ (এর নীতি) পূর্ববর্তী দু'টো নীতির সাথে একীভূত হয়ে বিশ্বের দুর্দশা ও শান্তিকে নিজের কাঠামোয় অন্তর্ভুক্তকারী চিত্রটিকে পরিপূর্ণতা দেয়। আমি (আল-মওদুদী) অবশ্য পূর্বে উল্লেখ করেছি যে, আধুনিক সভ্যতায় গণতন্ত্রের মানে হচ্ছে সংখ্যাগুরুর শাসন। অর্থাৎ কোন এলাকার অধিবাসীগণ তাদের সমাজকল্যাণ পূর্ণতাকারী বিষয়ের ব্যাপারে স্বাধীন এবং সে এলাকার আইন তাদের ইচ্ছে থেকে উদ্ভূত। তিনি বলেন, আর যদি এখন আমরা তিনটি নীতির ব্যাপারে বিবেচনা করি তাহলে দেখব যে, সেকিউলারইজম প্রকৃতপক্ষে মানুষকে আল্লাহ্র উপাসনা, আনুগত্য, ভয় এবং প্রতিষ্ঠিত আচরণের নিয়ন্ত্রণবিধি থেকে মুক্ত করেছে। আর এর পরিণতিতে তারা যেখানে ইচ্ছে বিপদগামীর ন্যায় ঘুরে বেড়াচ্ছে এবং অন্য কারো সম্মুখে দায়ী হওয়া ব্যতীত নিজেকে নিজের দাস বানিয়েছে। তারপর জাতীয়তাবাদ এসেছে তাদেরকে আমিত্ব, অহংকার, ঔদ্ধত্য এবং অন্যদের প্রতি অশ্রদ্ধা পোষণের মত মাদকের বড় বড় গ্রাস গিলাতে। চূড়ান্ত পর্যায়ে গণতন্ত্র এসেছে (অন্য সবকিছু থেকে) স্বাধীনতা দান করে তাকে নিজের ইচ্ছের কাছে বন্দী করে আমিত্বের আনন্দাবিষ্টে খোদায়ীর সিংহাসনে বসাতে। এভাবে তা আইন প্রণয়ন ও তৈরীর পূর্ণ ক্ষমতা তার ওপর ন্যস্ত করেছে এবং তার প্রার্থিত সবকিছু পরিপূর্ণ করার উদ্দেশ্যে তার সেবায় এর সমস্ত সামর্থ্যসহকারে একটি শাসন ব্যবস্থা তৈরি করেছে। অতঃপর আল-মওদুদী বলেন, "তাই আমি মুসলিমদেরকে স্পষ্ট ভাষায় বলছি যে, জাতীয়তাবাদী সেকিউলার গণতন্ত্র আপনাদের গৃহীত ধর্ম ও আক্বীদাহ্র সাথে সাংঘর্ষিক। অতএব যদি আপনারা এর কাছে আত্মসমর্পন করেন, তা হবে আল্লাহ্র কিতাবকে আপনাদের ত্যাগ করার শামিল; এবং যদি আপনারা এর প্রতিষ্ঠা কিংবা রক্ষায় অংশগ্রহণ করেন তাহলে প্রকৃতপক্ষে আপনারা আল্লাহ্র রাসূলের (সা.) সাথে বিশ্বাসঘাতকতা করলেন। তিনি বলেন, কোথাও এ ব্যবস্থা বর্তমান থাকার অর্থ হচ্ছে আমরা ইসলামকে শ্রদ্ধা করি না এবং যেখানেই ইসলাম বর্তমান রয়েছে সেখানে এ ব্যবস্থার কোন স্থান নেই।"[৬]

এ বক্তব্যের পর পাঠকের জন্য যা জানার বাকি থাকে তা হচ্ছে মওদুদী সাহেবের দল পাকিস্তান জামায়াতে ইসলামী গণতন্ত্রকে পদ্ধতিগতভাবে গ্রহণ করেছে এবং তাঁর জীবদ্দশায়, মৃত্যুর পর এবং আজ পর্যন্ত সেক্যুলার রাষ্ট্র পাকিস্তানের পার্লামেন্ট নির্বাচনে অংশগ্রহণ করছে।

আল্লাহ্ তা'আলা বলেন, ***"ওহে যারা ঈমান এনেছ! তোমরা কেন তা বল যা তোমরা কর না? তোমরা যা কর না তা বলা আল্লাহ্র কাছে খুবই অসন্তোষজনক।"*** (৬১:২-৩)।

আল্লাহ্ তা'আলা আরো বলেন, ***"তোমরা কি মানুষকে সৎ কাজের নির্দেশ দাও এবং নিজেদের ভুলে যাও! অথচ তোমরা কিতাব পাঠ কর। তবে কি তোমাদের জ্ঞান নেই?"*** (২:৪৪)।

যেহেতু গণতন্ত্রে জনগণই প্রভুত্বের মালিক এবং তারাই পার্লামেন্টে প্রতিনিধি প্রেরণের মাধ্যমে এর অনুশীলন করে, অতএব পার্লামেন্ট (সংসদ) সদস্য এবং যারা তাদেরকে এ দায়িত্ব পালনের জন্য ভোট দেয় উভয়ই কুফ্রীতে নিমজ্জিত। এম.পি.-দের

[৬] আল-মওদুদীকৃত, খলীল আল-হামিদী অনুদিত Islam & Modern Civilization.

কুফ্রীর কারণ হল তারাই কার্যত প্রভুত্বের মালিক এবং তারাই আল্লাহ্কে বাদ দিয়ে মানুষের জন্য আইন প্রণয়ন করে, হোক তা আইন প্রস্তুত করা, প্রণয়ন করা অথবা এতে সম্মতি দান করা। অধিকন্তু সকল আধুনিক সেক্যুলার শাসন ব্যবস্থা অনুযায়ী ***"আইন প্রণয়ন কর্তৃত্বের মালিক পার্লামেন্ট"***, এর নাম হাউস অব কমনস্, ন্যাশনাল এসেম্বলী, কংগ্রেস, লিজেসলেটিভ এসেম্বলী অথবা অন্য যা কিছুই হোক না কেন। এতে এম.পি. -দেরকে আল্লাহ্র রুবুবিয়্যাতের (অর্থাৎ মানব জাতির জন্য আইন রচনার একচ্ছত্র অধিকারের যা তাঁর একটি কাজ) অংশীদার করা হয়।

আল্লাহ্ তা'আলা বলেন, ***"তাদের কি এমন কতক শরীক দেবতা আছে, যারা তাদের জন্য এমন এক ধর্মের (জীবন ব্যবস্থা) বিধান দিয়েছে যার অনুমতি আল্লাহ্ দেননি?"*** (৪২:২১)।

ধর্মের এক অর্থ হচ্ছে 'মানুষের জীবন ব্যবস্থা' হোক তা সত্য কিংবা মিথ্যা।

কারণ আল্লাহ্ তা'আলা বলেন, ***"তোমাদের ধর্ম তোমাদের জন্যে এবং আমার ধর্ম আমার জন্যে।"*** (১০৯:৬)।

সুতরাং কাফিররা যে কুফ্র -এর ওপর প্রতিষ্ঠিত ছিল আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা তাকে ধর্ম বলেছেন। অতএব মানুষের জন্য কেহ আইন প্রণয়ন করলে সে মূলত তাদের জন্য নিজেকে খোদায়ীর দায়িত্বে নিয়োজিত করল এবং আল্লাহ্র সাথে নিজেকে শরীক করল। এ হলো একটি প্রমাণ। এম.পি.-দের কুফ্রীর ব্যাপারে আরেকটি প্রমাণ হলো মানুষের জন্য আইন রচনা করে আল্লাহ্ ব্যতীত তাদের নিজেদেরকে খোদায়ীর আসনে প্রতিষ্ঠিত করা এবং এটা হচ্ছে আল-কুরআনে উল্লেখিত কুফ্র -এর ঠিক অনুরূপ। যেমনঃ
আল্লাহ্ তা'আলা বলেন, ***"আপনি বলে দিন : হে আহলে কিতাব (ইহুদী ও খৃষ্টান)! এস সে কথায় যা আমাদের ও তোমাদের মধ্যে এক ও অভিন্ন। তা হল আমরা যেন আল্লাহ্ ছাড়া অন্য কারো 'ইবাদত না করি, কোন কিছুকেই যেন তাঁর শরীক সাব্যস্ত না করি এবং আমাদের কেউ যেন কাউকে রব (প্রভু) গ্রহণ না করে আল্লাহ্কে ত্যাগ করে।"*** (৩:৬৪)

প্রকৃতপক্ষে উপরোক্ত আয়াতে উল্লিখিত আল্লাহ্ ব্যতীত আইন রচনা সংক্রান্ত রুবুবিয়্যাত (প্রভুত্ব) একই জিনিস যা এ আয়াতে উল্লিখিত হয়েছেঃ
"তারা (ইহুদী ও খৃষ্টান) তাদের পন্ডিতদের এবং তাদের সংসার বিরাগী যাজকদের রব (প্রভু) বানিয়ে রেখেছে আল্লাহ্কে ছেড়ে এবং মরিয়মের পুত্র মসীহকেও।" (৯:৩১)

আদী বিন হাতিম (রা.) যিনি খৃষ্ট ধর্ম থেকে ইসলাম গ্রহণ করেন, বলেন- আমি রাসূল (সা.) -এর কাছে এলাম যখন তিনি সূরা বারাআত (আত-তাওবাহ) তিলাওয়াত করছিলেন। "তারা (ইহুদী ও খৃষ্টান) আল্লাহ্ ব্যতীত তাদের পন্ডিত ও সংসার বিরাগী যাজকদের তাদের রব (প্রভু) হিসেবে গ্রহণ করেছে" -এ আয়াতে তিনি (সা.) পৌঁছলে আমি বললাম, "হে আল্লাহ্র রাসূল (সা.), আমরা কখনো তাদেরকে রব (প্রভু/পালনকর্তা) হিসেবে গ্রহণ করিনি।" তিনি (সা.) উত্তর দিলেন : "হ্যাঁ, অবশ্যই তোমরা তা করেছ। আল্লাহ্ যা তোমাদের জন্য হারাম করেছিলেন তা কি তারা তোমাদের জন্য হালাল করেনি এবং তোমরাও তা হালাল হিসেবে গ্রহণ করনি এবং আল্লাহ্ যা তোমাদের জন্য হালাল করেছিলেন তা কি তারা হারাম করেনি এবং তোমরাও তা হারাম হিসেবে গ্রহণ করনি?" আমি বললাম, হ্যাঁ, তাই।' তখন তিনি (সা.) বললেন, 'তাই হচ্ছে তাদেরকে ইবাদত/উপাসনা করা।' (আহমদ ও তিরমিযী বর্ণিত সহীহ হাদীস)। এ আয়াতের তাফসীর প্রসঙ্গে আল-আলুসী বলেন, "অধিকাংশ মুফাস্সিরের মতে, 'প্রভু'র অর্থ এ নয় যে, তারা এদেরকে মহাবিশ্বের কর্তা মনে করত, বরং এর অর্থ হচ্ছে তাদের আদেশ-নিষেধ এরা মান্য করত।"

এসব থেকে বিষদভাবে বোঝা যায় যে, আল্লাহ্ ব্যতীত ইহুদী পন্ডিত (আলেম), খৃষ্টান পাদ্রী বা সন্ন্যাসী এবং এম.পি.-দের (সংসদ সদস্য) মত যে-ই মানুষের জন্য আইন রচনা করে সে প্রকৃতপক্ষে তাদের প্রভুত্বের আসনে সমাসীন করে এবং এটা হচ্ছে সুস্পষ্ট কুফ্র -এর জন্য যথেষ্ট। অতএব এ এম.পি.-দের যে কেউ এ সংসদীয় (পার্লামেন্টারী) শির্কের পদে রাজি থাকে বা এতে অংশগ্রহণ করে তার কুফ্র সন্দেহাতীতভাবে পরিষ্কার। যে এম.পি. দাবী করে যে সে আসলে এতে সন্তুষ্ট নয় কিন্তু শুধুমাত্র দাওয়াত এবং পূণর্গঠনের জন্য পার্লামেন্টে প্রবেশ করেছে সেও অনুরূপভাবে কাফির'। তার এরূপ বক্তব্য সাধারণ ও অজ্ঞ লোকদেরকে প্রবঞ্চনার উদ্দেশ্যে একটি ধোঁকা ছাড়া আর কিছুই নয় এবং এটা হচ্ছে তার আত্মরক্ষার জন্য একটি ঢালস্বরূপ। তার কুফ্র -এর পশ্চাতে দলীল হচ্ছে, তার পার্লামেন্টে প্রবেশ ওদের কার্যকলাপের অর্থাৎ ফায়সালার জন্য মানুষের ইচ্ছের কাছে প্রার্থী হওয়ার বৈধতার সনদ এবং পার্লামেন্টের ও পার্লামেন্ট ব্যবস্থা প্রতিষ্ঠার নীতিমালার প্রতি আনুগত্য। তাই এ সবই হচ্ছে ফায়সালার জন্য স্বেচ্ছায় তাগুতের (মিথ্যা খোদা) কাছে ঝোকা যা কোন ব্যক্তিকে কাফিরে পরিণত করে। কারণ আল্লাহ্ তা'আলা বলেন,
"তোমরা যে বিষয়েই মতভেদ কর, তার ফয়সালা আল্লাহ্র কাছে সোর্পদ কর।" (৪২:১০)

অপরপক্ষে গণতন্ত্র বলে, "আর তোমরা যে বিষয়েই মতভেদ কর তার ফয়সালা পার্লামেন্টে গণপ্রতিনিধিদের হাতে অথবা গণভোটে অধিকাংশ জনসাধারণের কাছে সোর্পদ কর।" আইনসভার সকল সদস্যই এ কুফ্‌রী নীতির অনুগত এবং যদি তারা এর সাথে সামান্যতম বিরোধিতা করে তাহলে তাদেরকে এর বিধান অনুযায়ী বরখাস্ত করা হবে। অতএব যে-ই আমাদের কাছে কুফ্‌র -এর ঘোষণা দিবে আমরাও তার তাকফীর (অর্থাৎ কোন ব্যক্তিকে কাফির সাব্যস্ত করা যা তাকফীর উল-মু'আইয়ান-আল-জামেয়া, ৪৮২ পৃষ্ঠায় সংজ্ঞায়িত) স্পষ্টভাবে তুলে ধরব। এ ধরনের লোক আল্লাহ্ তা'আলার এ বাণীর জন্যও কাফির হয়ে যায় যেখানে বলা হয়েছে,

"আর কোরআনে তোমাদের প্রতি তিনি নির্দেশ নাযিল করেছেন যে, যখন তোমরা শুনতে পাবে আল্লাহ্‌র আয়াতের প্রতি কুফরী ও উপহাস করা হচ্ছে, তখন তোমরা তাদের সাথে বসবে না, যতক্ষণ না তারা অন্য প্রসঙ্গে লিপ্ত হয়। অন্যথায় তোমরাও তাদেরই মত হয়ে যাবে। নিশ্চয় আল্লাহ্ মোনাফেক ও কাফের সবাইকে জাহান্নামে একত্র করবেন।" (৪:১৪০)

সংসদ বা পার্লামেন্টগুলো হচ্ছে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার বাণীসমূহে অবিশ্বাসের ওপর প্রতিষ্ঠিত। কেননা তাদের প্রধান কাজই হচ্ছে আল্লাহ্‌র বিধানের পরিবর্তে আইন প্রণয়ন করা। অতএব যে তাদের পাশে বসে সেও তাদের মতই কুফ্‌র -এ নিমজ্জিত। সুতরাং যে তাদের আইন মান্য করে তাদের ব্যাপারে কি (সিদ্ধান্ত) হবে? বাস্তবিক আল্লাহ্‌র রাসূল (সা.) বলেছেন, "অতএব যে শুবুহাতকে (সন্দেহজনক জিনিস) এড়িয়ে চলে, প্রকৃতপক্ষে নিজের ধর্ম এবং সম্মানকে নিরাপদ রাখে।" তাহলে এসব এম.পি.-দের মত যারা কুফ্‌রকে এড়িয়ে চলে না তাদের ব্যাপারটি কি রকম হবে? তাদের ধর্ম কিভাবে নিরাপদ থাকতে পারে? এবং যেখানে তারা কুফ্‌র -এর সাথে মিশ্রিত হয়ে গেছে সেখানে তাদের সম্মানের ওপর আক্রমন থেকে মানুষকে তারা কেন বিরত রাখতে চায়?

এম.পি.-দের আরেকটি কুফ্‌র কাজ সম্পর্কে কিছু লোক সচেতন নয়। আল্লাহ্‌কে বাদ দিয়ে আইন রচনাকারী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব গ্রহণই তাদের একমাত্র কাজ নয়। বরং সমস্ত আধুনিক, সেক্যুলার (ধর্মহীন) শাসন ব্যবস্থা অনুযায়ী পার্লামেন্টই দেশের রাজনীতির সাধারণ দিক নির্দেশনা দান করে এবং আইন বাস্তবায়নকারী কর্তৃপক্ষ তথা সরকারের সকল কর্মতৎপরতা পর্যবেক্ষণ করে। অর্থাৎ মানবরচিত আইনের দ্বারা শাসনের মত সমস্ত সরকার অনুশীলিত কুফ্‌র এবং বৈদেশিক ও আভ্যন্তরীণ রাজনীতি, শিক্ষা, সংবাদ মাধ্যম, অর্থনীতি ইত্যাদিতে ধর্মহীন সেক্যুলার পদ্ধতির অনুসরণের ব্যাপারে এম.পি.-রাই সিদ্ধান্ত নিয়ে থাকে যারা সরকারকে তা বাস্তবায়নের লাইসেন্স প্রদান করে। সত্যিকার অর্থে এ কুফ্‌র নীতি থেকে সরকার বিচ্যুত হয়েছিল কিনা তার কৈফিয়ত তলব করারও তাদের (এম.পি.-দের) অধিকার রয়েছে। আর যে ব্যক্তি কুফ্‌রকে স্বীকার করে অথবা এর বাস্তবায়নের অনুমতি দেয় তার কুফ্‌র -এর ব্যাপারে কোন সন্দেহ থাকতে পারে না।

হাফিজ ইবনুল কাইয়্যিম (রহ.) বলেন, *"আল্লাহ্ ও তাঁর রাসূলের (সাঃ) শাসন পদ্ধতি ব্যতীত যারা অন্য কোন পদ্ধতিতে শাসন করে তারাই তাগুত। মানুষ আল্লাহ্র পাশাপাশি যাদের ইবাদত করে অথবা মানুষ যে ব্যক্তির ইবাদত করে আল্লাহ্র ইবাদতের মাধ্যম মনে করে এদেরকেও তাগুত বলে বিবেচনা করা যায়। যদিও এক্ষেত্রে তারা নিশ্চিত নয় যে তারা আল্লাহ্র একক ইবাদত করছে না দ্বৈত ইবাদত করছে। সুতরাং এরাই হল তাওয়াগীত (তাগুতের বহুবচন) এবং যদি আপনি এই সকল তাগুতের প্রতি এবং এদের সাথে জনগণের শর্তাবলীর দিকে লক্ষ্য করেন তাহলে এটা দিবালোকের মত সুস্পষ্ট হয়ে উঠবে যে,*

জনগণ আল্লাহ্‌র ইবাদত হতে তাগুতের ইবাদতের দিকে, আল্লাহ্‌র শাসন হতে তাগুতের শাসনের দিকে এবং আল্লাহ্‌ ও তাঁর রাসূলের আনুগত্য হতে তাগুতের আনুগত্যের দিকে ধাবিত হচ্ছে।" (ইলাম আল-মুওয়াক্কি'ঈন, খন্ড ২৮, পৃঃ ৫০)

মুহাম্মদ আল-আমিন আশ-শানক্বিতি (রহ.) বলেন, "এবং কুরআনের এই আয়াতগুলো যা পূর্বে উল্লেখ করা হয়েছে তা দ্বারা সুস্পষ্ট প্রমাণিত হয় যে, আল্লাহ্‌ তা'আলা প্রণীত এবং রাসূল (সাঃ) এর মুখ নিঃসৃত আইনের পরিবর্তে শয়তান ও তার সাহায্যকারীদের মুখ নিঃসৃত স্বরচিত আইনের আনুগত্য স্পষ্ট কুফ্‌র এবং শির্‌ক। এতে কোন সন্দেহ নেই।" (আদ্বওয়া আল-বাইয়ান, ৪র্থ খন্ড, পৃঃ ৮২-৮৫)

এখন সত্যিকার অর্থে মুসলমানরা জেনে গেছে গণতন্ত্রের মূল লক্ষ্য কি? এর মূল লক্ষ্য হল অধিকাংশের ইচ্ছার ভিত্তিতে জনসাধারণকে শাসন করা যা আল্লাহ্‌র প্রত্যাদেশের বৈপরিত্য ঘোষণা করে। এই গণতান্ত্রিক পদ্ধতির মধ্যে লুকায়িত শির্‌কের ব্যাখ্যা দানের প্রয়োজন অনুভব এই মুহূর্তে আমরা করছি না।[১১]

যদি পাঠকগণ শুরু হতে এ পর্যন্ত যে আলোচনা হয়েছে তা নিয়ে পরিতৃপ্ত না হন তাহলে আমি আপনাদেরকে অনুরোধ করছি গণতন্ত্রের ব্যাপারে ইসলামের রায় সংক্রান্ত মৌলিক বিষয়াদি সমৃদ্ধ কোন প্রবন্ধ অথবা বই পড়ুন। কেননা এই প্রবন্ধে আমাদের লক্ষ্য শুধুমাত্র গণতান্ত্রিক নির্বাচনে যোগদান সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করা। আমরা এই প্রবন্ধটিকে সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতির ব্যাখ্যার সাথে সংমিশ্রন করে জটিলতর করতে চাচ্ছি না।

---

১১ এমনকি "ভোটের পক্ষে ও বিপক্ষে" শীর্ষক বইয়ের লেখক নূন্যতম এই সত্য স্বীকার করেছেন যে, একটি গণতান্ত্রিক পদ্ধতিতে যোগদান করা অবশ্যই অনুমোদন যোগ্য নয়। তার বইয়ের প্রথম ধাপে তিনি বলেছেন যে, "বর্তমান আধুনিক সময়ের অবস্থা ইসলাম থেকে অনেক দুরে। প্রকৃতপক্ষে আইন প্রণয়নের অধিকার কেবলমাত্র আল্লাহ্‌ রব্বুল আলামীনের নিকট যিনি পবিত্র, মহান এবং সর্বোচ্চ। তাই কেউ যদি এমন কোন শাসন ব্যবস্থার মধ্যে প্রবেশ করতে চায় প্রকৃতপক্ষে যার ভিত্তি মানব রচিত অথবা আল্লাহ্‌ তা'আলা প্রণীত শরীয়াহ্‌র সাথে সাংঘর্ষিক অথবা যা ইসলামিক শরীয়াহ্‌কে বাতিল বলে ঘোষণা করে, তাহলে এ ব্যাপারে অধিকাংশ মুসলিম আলেমরা একমত যে সেই শাসন ব্যবস্থা সম্পূর্ণভাবে অনুমোদন যোগ্য নয়।"

গণতান্ত্রিক নির্বাচনের পক্ষে যোগদান সংক্রান্ত সংশয়গুলোর ব্যাপারে ফয়সালা

যারা গণতান্ত্রিক নির্বাচনে যোগদান করাকে অনুমোদন দেয় সত্যিকার অর্থে তারা পথভ্রষ্টতার বিভিন্ন স্তরে রয়েছে। এদের মধ্যে যারা বিশ্বাস করে যে, অনিবার্যভাবে শাসন ব্যবস্থা হিসাবে গণতন্ত্র একমাত্র গ্রহণযোগ্য পথ, তারা পথভ্রষ্টতার চরম পর্যায়ে রয়েছে। আর কতক রয়েছে যারা ভুল ধারণা ও সন্দেহ বশতঃ গণতান্ত্রিক নির্বাচনে যোগদানকে বৈধ মনে করে। দ্বিতীয় পর্যায়ের লোকদের উক্ত ভ্রান্ত ধারণাগুলো নিম্নে ধারাবাহিকভাবে খন্ডন করা হলঃ

১। মিশরের তৎকালীন রাজসভায় একজন মন্ত্রী হিসেবে ইউসুফ (আ.) -এর যোগদান সংক্রান্ত ভ্রান্ত ধারণা

মহান আল্লাহ্ বলেন, "রাজা বলিল, ইউসুফকে আমার কাছে লইয়া আইস; আমি তাহাকে আমার একজন সহচর নিযুক্ত করিব। অতঃপর রাজা যখন তাঁহার সহিত কথা বলিল, তখন রাজা বলিল, আজ তুমি তো আমাদের নিকট মর্যাদাশীল বিশ্বাস ভাজন হইলে। ইউসুফ বলিল, 'আমাকে দেশের ধন ভান্ডারের উপর কর্তৃত্ব প্রদান করুন; আমি তো উত্তম ও সুবিজ্ঞ রক্ষক।' একইভাবে ইউসুফকে আমি সেই দেশে প্রতিষ্ঠিত করিলাম যে সেই দেশে যথা ইচ্ছা অবস্থান করিতে পারিত। আমি যাহাকে ইচ্ছা তাহার প্রতি দয়া করি। আমি সৎকর্ম পরানদের প্রতিফল নষ্ট করি না।" (সূরা ইউসুফ ১২: ৫৪-৫৬)

তাই যারা ইউসুফ (আ.) -এর উদাহরণ দিতে গিয়ে এই আয়াতটি প্রদর্শন করে দলিল হিসাবে তারা বলতে চায় যেহেতু ইউসুফ (আ.) একজন অমুসলিম রাজার রাজ্যে মন্ত্রী পরিষদে যোগ দিতে পারেন তাহলে কেন আমাদের পক্ষ হয়ে একজন প্রার্থী সংসদ সদস্য হিসাবে নির্বাচিত হবে না?

যারা এই আয়াতগুলোকে তাদের পক্ষে দলিল হিসাবে ব্যবহার করে তারা হয়তো ভুলে গেছে কারাগারে ইউসুফ (আ.) তাঁর দুই সাথীকে কি বলেছিলেন। তিনি বলেছিলেন, ***"আল্লাহ্ ছাড়া কারও বিধান/হুকুম/আইন দেয়ার অধিকার নেই। তিনি আদেশ দিয়েছেন ঃ তোমরা তিনি (আল্লাহ্) ছাড়া অন্য কারও ইবাদত কর না। এটাই সরল সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ মানুষ তা জানে না।"*** (সূরা ইউসুফ ১২:৪০)

তাহলে আমরা কিভাবে বলব যে, ইউসুফ (আ.) ঐ রকম একটা সরকার ব্যবস্থাকে সাহায্য করেছিলেন অথবা তাদের সাথে আপোষ করেছিলেন যারা মানব রচিত আইন প্রণয়ন করেছিল যখন তিনিই অন্যদেরকে এই বিধান/হুকুম/আইন প্রণয়নের ব্যাপারে আল্লাহ্ সম্পর্কে সতর্ক করছিলেন এই বলে যেঃ ***"আল্লাহ্ ছাড়া কারও বিধান/হুকুম/আইন দেয়ার অধিকার নেই।"***

প্রথমতঃ যারা এই (সূরা ইউসুফ ১২: ৫৪-৫৬) আয়াতগুলোকে উদাহরণ স্বরূপ ব্যবহার করে, দলিলের অভাবে তাদের দাবীকে প্রমাণ করার জন্য যে, তৎকালীন সরকার ব্যবস্থায় প্রচলিত ইউসুফ (আ.) -এর শরীয়াহ্ সম্মত নয় এবং এই উদাহরণের দ্বারা আর কিছুই নির্দেশ করার নেই। বরং এই আয়াতগুলো দ্বারা এটাই প্রমাণিত হয় যে, তৎকালীন রাজা আল্লাহ্র নিকট আত্মসমর্পণের দিকে পা বাড়িয়ে ছিলেন।

ইবনে জারীর আত-তাবারী বর্ণনা করেন যে, মুজাহিদ (রহ.) বলেনঃ "ইউসুফ (আ.) -এর সময় যেই রাজা ছিলেন তিনি ইসলাম গ্রহণ করেছিলেন।" (জামি আল-বাইয়ান আত-তাওয়ীল আই আল-কুরআন, ৯/২১৭)

আল-বাঘাবী বলেনঃ মুজাহিদ (রহ.) ও অন্যান্যরা বলেছেন, "ইউসুফ (আ.) তাদেরকে অতি বিনয়ের সাথে ইসলামের দিকে ডাকা থেকে ক্ষান্ত হননি যতক্ষণ পর্যন্ত না রাজা এবং আরও অনেক লোক ইসলামে প্রবেশ করে।"

আরও বর্ণিত আছে যে, ইউসুফ (আ.) নিজে একজন শাসকও ছিলেন বটে কেননা মন্ত্রী পরিষদের দায়িত্বের পাশাপাশি তাঁর উপর মিশরের শাসন ভারও ন্যস্ত হয়েছিল।

ইবনে জারীর আত-তারাবী, আস-সুদ্দী হতে বর্ণনা করেন, রাজা, ইউসুফ (আ.) কে মিশরের উপর নিযুক্ত করেছিলেন, তিনি কর্তৃপক্ষেও একজন সদস্য ছিলেন এবং তিনি যে কোন কিছু ক্রয়ের ক্ষেত্রে দেখা শোনার দায়িত্ব পালন করতেন এবং ব্যবসা ও অন্যান্য যত বিষয় ছিল তা তদারকি করতেন। এর প্রমাণ সূরা ইউসুফ, ৫৬ আয়াতের শেষ অংশে পাওয়া যায়ঃ *"এই ভাবে আমি ইউসুফ (আ.) -কে সেই দেশে প্রতিষ্ঠিত করলাম; যে সেই দেশে তিনি যেখানে ইচ্ছা অবস্থান করতে পারতেন।"*

"... সেই দেশে তিনি যেখানে ইচ্ছা অবস্থান করতে পারতেন ...", এই আয়াতের ব্যাপারে ইবনে জারীর আত-তাবারী, ইবনে যায়েদ (রা.) হতে বর্ণনা করেন, মিশরের সকল কর্তৃত্ব ইউসুফের (আ.) কাছে হস্তান্তর করা হয়েছিল এবং যে কোন বিষয়ে তাঁর সিদ্ধান্তই ছিল চূড়ান্ত।

আল-কুরতুবী বর্ণনা করেন যে, ইবনে আব্বাস (রা.) ইউসুফ (আ.) সম্পর্কে বলেন যে, তিনি তাঁর বিছানার উপর বসলেন এবং রাজা তার পরিষদবর্গ এবং স্ত্রীগণসহ তাঁর সাথে পরিচয় পর্বের জন্য তাঁর ঘরে প্রবেশ করলেন এবং মিশরের সকল কর্তৃত্ব তাঁর (আ.) কাছে হস্তান্তর করা হয়। এ সম্পর্কে আল-কুরতুবী বলেন, যখন রাজা, ইউসুফ (আ.) -এর উপর দায়িত্ব সমর্পন করলেন তখন তিনি (আ.) সাধারণ জনগণের উপর উদার প্রকৃতির মনোভাব পোষণ করলেন এবং তাদেরকে ততক্ষণ পর্যন্ত ইসলামের দিকে ডেকেছিলেন যতক্ষণ পর্যন্ত না তিনি তাদের মাঝে ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে পেরেছিলেন। তাই পুরুষ-মহিলা উভয়ই তাকে ভালোবাসত। এই ধরনের কথা পাওয়া যায় আব্দুল ওয়াহ্‌হাব, আস-সুদ্দী এবং ইবনে আব্বাস (রা.) ও অন্যান্যদের বর্ণনায়, ইউসুফ (আ.) এর প্রতি রাজার উক্তিতে - যখন রাজা, তাঁর পরিপূর্ণ বুদ্ধিবৃত্তি দেখেছিলেন শাসন কর্তৃত্ব এবং ন্যায় বিচার প্রথা প্রচারের ক্ষেত্রে। রাজা বললেন, আমি তোমাকে ক্ষমতা দান করলাম, সুতরাং তোমার যা ইচ্ছা তা তুমি করতে পারো। এবং আমরা তোমার একনিষ্ঠ অনুসারী এবং আমি তোমার আনুগত্য করব এবং আমি তোমার কোন বিষয়ের সহযোগীর চেয়ে বেশী কিছু নই। (আল-জামী'লি আহকাম আল-কুরআন, খন্ড ৯/২১৫)

তাই এক্ষেত্রে যদি এই রকম কোন সম্ভাবনা থাকে যে, ঐ রাজা ইসলামে প্রবেশ করেছিল তাহলে উপরোক্ত আয়াতগুলোকে (সূরা ইউসুফ ১২: ৫৪-৫৬) দলিল হিসাবে ব্যবহার করাটা প্রশ্নের সম্মুখীণ হবে এবং ভুল হবে। কেননা ইসলামের একটা নীতি হল, যদি কোন সম্ভবনা/সন্দেহ দেখা দেয় তাহলে তাকে দলিল হিসাবে ব্যবহার করা যাবে না।

আরও বলা যেতে পারে যে, অধিকাংশ উসুলের ক্ষেত্রে আমাদের পূর্বের শরীয়াহ্‌ আমাদের শরীআহ হিসেবে বিবেচিত যদি না তা আমাদের শরীয়াহ্‌র সাথে সাংঘর্ষিক হয়। তাই কেউ যদি কল্পনার বশীভূত হয়ে শুধুমাত্র তর্কের খাতিরে বলে যে, ইউসুফ (আ.) তাঁর প্রদত্ত শরীআহ মানেননি তাহলে তাকে বলতে হবে যে, ইউসুফ (আ.) যদি এখন বেঁচে থাকতেন তাহলে তাকে মুহাম্মদ (সা.) এর শরীয়াহ্‌ মানতে হত।

২। নীতিমালা: দুই প্রকারের খারাপের মধ্যে অপেক্ষাকৃত কম খারাপের পক্ষ অবলম্বন করার নীতি

গণতান্ত্রিক নির্বাচনের সমর্থকরা ইসলামের এই নীতিকে দু'ভাবে ব্যবহার করে থাকে:
ক) যে প্রার্থীর আদর্শ অপেক্ষাকৃত কম ইসলাম বিরোধী তাকে ভোট দেয়ার মানে হলো কম খারাপের পক্ষ নেয়া।
খ) অন্য দিকে, কাউকে যদি ভোট না দেয়া হয় তাহলে বেশী খারাপ প্রার্থীটি নির্বাচিত হতে পারে এই আশংকায় কম খারাপকে ভোট দেয়া।

আসলে ইসলামের বেশীরভাগ নীতি নিয়ে এভাবেই মানুষ মানুষকে বিভ্রান্ত করে। তারা সঠিক নীতিটি সুন্দরভাবে উল্লেখ করে কিন্তু এর প্রয়োগ করে ভুল অথবা এমন ক্ষেত্রে এটি প্রয়োগ করতে চায় যেখানে ঐ নীতি খাঁটে না।

বিশেষ করে এই নীতিটির ক্ষেত্রে তাদের ভুল হল, তারা এর প্রয়োগ বোঝেনি। শুধুমাত্র সেখানেই এটি প্রয়োগ করা যাবে যেখানে, দু'টি পথের একটি গ্রহণ না করে উপায় নেই। কিন্তু যদি এগুলো থেকে বেঁচে থাকার উপায় থাকে অর্থাৎ দু'টি পথের একটি গ্রহণ করতে যদি বাধ্য করা না হয়- তাহলে সেখানে এই নীতি প্রযোজ্য নয়। অর্থাৎ কাউকে যদি দু'টি হারামের একটি গ্রহণে বাধ্য করা হয় তাহলে সে কম গুনাহের কাজটি করতে পারে। কিন্তু এমন ক্ষেত্রে নয়- যেখানে কেউ বাধ্য করছে না সেই ক্ষেত্রে এটা প্রযোজ্য নয়। ভোটের ক্ষেত্রে এই প্রয়োগকে এভাবে দেখা যায়: কোন এক ব্যক্তি একজন মুসলিম ভাইকে মদ খাওয়ার দাওয়াত দিল। সেখানে একটি মদে থাকবে ৫০% এলকোহল এবং অন্য একটি মদে থাকবে ২৫% এলকোহল। সুতরাং সে দাওয়াত গ্রহণ করে ২৫% এলকোহলের মদটি পান করল।

গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করতে আমাদের কেউ বাধ্য করছে না; তাই কম খারাপকে সমর্থনের নামে একটি শির্‌ক করা কখনোই গ্রহণযোগ্য হতে পারে না। আমরা ভোট না দিলে যে ক্ষতি হবে তার তুলনায় এই শির্‌ক (আল্লাহ্‌ ছাড়া অন্য কাউকে আইন তৈরীর অধিকার দেয়া) অনেক অনেক বেশী ক্ষতিকর। এটা হবে ২৫% এলকোহল বাদ দিয়ে ৫০% এলকোহল গ্রহণ করার মতো।

৩। নীতিমালা: ক্ষতি অবজ্ঞা করে সুবিধা গ্রহণ করা

এই নীতি বা উসুলটিও পূর্বের নীতির মতোই। এই নীতির দোহাই দিয়ে যারা গণতান্ত্রিক নির্বাচনকে জায়েয করতে চায় তাদের ভাষ্য হলো, এমন একজন ইসলামপন্থী নেতাকে নির্বাচিত করলে, যার কর্মপন্থা মুসলিমদের জন্য অন্য নেতাদের থেকে তুলনামূলক কম ক্ষতিকর এবং একটি ইসলাম বিরোধী শক্তিকে পরাজিত করলে যতটা লাভ হবে তা এই হারামের ক্ষতির তুলনায় অনেক বেশী।

প্রথমেই বলতে হয়, গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করা হল শিরক। সুতরাং এর সুবিধা আলোচনা করে একে উৎসাহিত করা একেবারেই গ্রহণযোগ্য নয়। আল্লাহ্‌র তাওহীদকে উপেক্ষা ও অমান্য করে তার কাছ থেকে সুবিধা আদায় করাকে কি করে সমর্থন করা যায়। শায়খ আবু বাশির মুস্তফা হালিমাহ, অপর এক শায়খের (ড. সাফার আল-হাওয়ালী রচিত "An open letter to George W Bush") বইয়ের সমালোচনা করতে গিয়ে বলেছেন যে, উক্ত শায়খ (হাওয়ালী) আমেরিকার মুসলিমদেরকে, বুশকে ভোট দেয়ার ব্যাপারে উৎসাহিত করতে চেয়েছেন। শায়খ হালিমাহ লিখেছেন, আমার বক্তব্য হল, এ শায়খের কথাগুলো নানা কারণে বানোয়াট ও বর্জনীয়। তাদের ক্ষেত্রে আমেরিকার মুসলিমদের ভোট দানে উৎসাহিত করা সম্পূর্ণরূপে ভুল। গণতন্ত্র - যা আমেরিকাতে পূর্ণরূপে বিদ্যমান, তাতে একমাত্র আক্বীদা ও শরীয়াতের বিভ্রান্তির দ্বারাই অংশগ্রহণ করা সম্ভব, এবং ফলাফল কখনোই প্রশংসা লাভ করতে পারে না; আর এর থেকেই যতই সুবিধা লাভ করা যাক না কেন- তা কখনোই অজুহাত হতে পারে না। আর এক্ষেত্রে এটা কিভাবে সম্ভব হয় যেখানে এটি শরীয়াহ্‌ ও এর নীতির বিরুদ্ধে। আর এ ব্যাপারটি আমরা আমাদের বিভিন্ন প্রচেষ্টায় পরিষ্কার করা চেষ্টা করেছি। (ওয়াকাফাত মা'আশ শাইল সাফার, পৃঃ ১৮)

আর যদি গণতান্ত্রিক নির্বাচনে সত্যিকার অর্থেই কোন সুবিধা থেকে থাকে তাহলে- তার পরেও এটি হালাল হবে না। আল্লাহ্‌ তা'আলা বলেন, ***"তারা আপনাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞেস করে। আপনি বলুন: এ দু'য়ের মধ্যে রয়েছে মহাপাপ, তবে মানুষের জন্য উপকারও আছে, কিন্তু এর পাপ উপকারের চেয়ে অনেক বেশী।"*** (সূরা আল-বাকারা ২: ২১৯)

সেই সাথে আল্লাহ্‌ (সুব.) আরো বলেন, ***"হে ঈমানদারগণ! মদ, জুয়া, প্রতিমা এবং ভাগ্য নির্ণায়ক শর এসব নোংরা অপবিত্র, শয়তানের কাজ ছাড়া আর কিছু নয়। সুতরাং তোমরা এসব থেকে বেঁচে থাক যাতে তোমরা সফলকাম হতে পার।"*** (সূরা মায়িদা ৫: ৯০)

ইবনে কাসির (রহ.) প্রথমোক্ত আয়াতের তাফসীরে বলেছেন, "এসবের লাভগুলো সবই ইহলৌকিক। যেমন, এর ফলে শরীরের কিছু উপকার হয়, খাদ্য হজম হয়, মেধাশক্তি বৃদ্ধি পায়, একপ্রকারের আনন্দ লাভ হয় ইত্যাদি। অনুরূপভাবে এর ব্যবসায়ে লাভের সম্ভাবনা আছে। একইভাবে জুয়া খেলাতেও বিজয়ের সম্ভাবনা আছে। কিন্তু এগুলোর উপকারের তুলনায় ক্ষতি বা অপকারই বেশী। কেননা, এর দ্বারা জ্ঞান লোপ পাওয়ার সাথে সাথে দ্বীনও ধ্বংস হয়ে থাকে।" আর একারণেই আল্লাহ্‌ তা'আলা বলেছেন, "... কিন্তু এর পাপ উপকারের চেয়ে অনেক বেশী।" (সূরা আল-বাকারা ২: ২১৯)

একইভাবে গণতান্ত্রিক নির্বাচনেরও কিছু সুবিধা বা লাভ থাকতে পারে, কিন্তু এতে অংশ নেয়ার মাধ্যমে আল্লাহ্‌র পরিবর্তে মানুষকে আইনদাতা হিসেবে স্বীকৃতি প্রদান করায় নিজ দ্বীনের জন্য যেকোন লাভের চাইতে অনেক অনেক গুন বেশী ক্ষতিকর। আর একথা আমরা স্পষ্টভাবে বলতে পারি যে, মদ খাওয়া বা জুয়া খেলার চাইতে অনেক বেশী বড় গুনাহ হলো শির্‌ক, আল্লাহ্‌র সাথে শির্‌ক করা এবং এর পরিণতিও অনেক ভয়াবহ।

৪। নীতিমালা: আমলসমূহ সর্বোপরী নিয়্যতের উপর নির্ভরশীল

"আমরা তো এটা মুসলিমদেরকে যুলুম নির্যাতন থেকে রক্ষা করার জন্য করছি; যাতে মুসলিমদের সুবিধা হয়"- এভাবেই অনেকে গণতান্ত্রিক নির্বাচনে অংশ নেয়ার পক্ষে অজুহাত দাঁড় করায়। তারা বলতে চান যেহেতু, একটি সৎ উদ্দেশ্যে, ভালো নিয়্যতে এ কাজটি করা হচ্ছে তাই এতে কোন সমস্যা নেই- এটি বরং প্রশংসনীয়।

আসলে এই মারাত্মক ভুলটি তারা শুধু এখানেই করছে তা নয়। এই হাদীসটির অপব্যবহার আরো অনেক ক্ষেত্রেই দেখা গেছে। এজন্য আমরা এ ব্যাপারে বিশদ আলোচনা তুলে ধরছি, ইন্‌শাআল্লাহ্‌।

প্রথম কথাটি হলো, উত্তম নিয়্যত থাকলেই গুনাহ উত্তম আমল বা সওয়াবের কাজ হয়ে যায় না। আব হামিদ আল গাজ্জালী (রহ.) বলেন, "গুনাহ, এগুলোর প্রকৃতি কখনো নিয়্যতের দ্বারা পরিবর্তন হয়ে যায় না। রাসূলুল্লাহ্‌ (সা.) এর হাদীস (প্রত্যেক

আমলই নিয়্যতের উপর নির্ভরশীল) থেকে অজ্ঞ বা জাহিল লোকেরা এভাবেই সাধারণ অর্থে ভুল বুঝ নেয়, তারা মনে করে যে, নিয়্যতের দ্বারা একটি গুনাহ ইবাদতে পরিণত হয়। যেমন, কোন ব্যক্তি যদি অন্যের মনকে খুশী করার জন্য কারো গীবত করে, অথবা ঐ ব্যক্তি যদি অন্যের টাকায় অভাবীদের আহার করায়, অথবা কেউ যদি হারামের পয়সায় স্কুল, মসজিদ বা সৈন্যদের ক্যাম্প তৈরী করে দেয় উত্তম নিয়্যতে, তখন তাদের গুনাহ ইবাদতে পরিণত হয়! এসবই জাহেলীয়াত বা মূর্খতা, এই সীমালংঘনের ও অপরাধের উপর এর নিয়্যতের কোন প্রভাব নেই। বরং ভালো উদ্দেশ্য খারাপ কাজ করার এই নিয়্যত শরীয়ত বিরোধী- যা আরেকটি অন্যায়। সুতরাং সে যদি সচেতন থাকে (ভুল পথের ব্যাপারে) তাহলে, যেন শরীয়তের উপর অটল থাকে। কিন্তু সে যদি এ ব্যাপারে অজ্ঞ থাকে তাহলে তার উপর অজ্ঞতার গুনাহ বর্তাবে, কারণ দ্বীনি জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলিম নর-নারীর উপর ফরজ। তাছাড়া, শরীয়াহ্ যেখানে ভালো কাজের (নিয়্যতের বিশুদ্ধতা) ব্যাপারেই এমন (সতর্ক), সেখানে খারাপ কাজ কিভাবে ভালোতে পরিণত হয়? এটাতো অসম্ভব। সত্যিকার অর্থে, যে জিনিসগুলো অন্তরে এমন ধারণার জন্ম দেয় তা হচ্ছে অন্তরের গোপন খেয়াল খুশী বা কামনা-বাসনা ...।"

এরপর তিনি আরো বলেছেন, "এর দ্বারা যা বোঝানো হচ্ছে তা হলো কেউ যদি অজ্ঞতাবশত ভাল নিয়্যতে খারাপ কাজ করে তাহলে তার কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না, যদি না সে দ্বীনে নতুন হয় এবং ঐ ইলম অর্জনের সময় না পায়। আল্লাহ্ তা'আলা বলেন, ***"অতএব তোমরা জ্ঞানীদের জিজ্ঞেস কর, যদি তোমরা না জান।"*** (সূরা আন-নাহল ১৬: ৪৩)

ইমাম গাজ্জালী (রহ.) আরও বলেছেন, "সুতরাং রাসূলুল্লাহ্ (সা.) এই বাণীঃ "প্রত্যেক আমলই তার নিয়্যতের উপর নির্ভরশীল"- তিনটি জিনিসের (ইবাদত, গুনাহ ও মুবাহ) মধ্যে শুধুমাত্র আনুগত্য ও মুবাহাত (অনুমতি প্রাপ্ত আমল) -এর মধ্যে সীমিত, গুনাহের জন্য নয়। এটা এই কারণে যে, আনুগত্য গুনাহ-তে পরিণত হয় (খারাপ) নিয়্যতের দ্বারা। বিপরীত দিকে, একটি খারাপ কাজকে কখনোই নিয়্যতের দ্বারা আনুগত্যে পরিণত করা যায় না। হ্যাঁ, নিয়্যতের একটি প্রভাব এক্ষেত্রে (গুনাহের ক্ষেত্রে) আছে; তা হলো খারাপ কাজের সাথে যদি (আরও) খারাপ নিয়্যত যুক্ত করা হয় এবং এটা তার বোঝা বৃদ্ধি করে আর পরিণতি হয় চূড়ান্ত খারাপ- যা আমরা 'কিতাবুত তাওবা' -তে উল্লেখ করেছি।" (ইলাহইয়া উলুমুদ্দীন, ৪/৩৮৮-৩৯১)

শায়খ আব্দুল কাদির বিন আব্দুল আজিজ, অপর শায়খ আব্দুল আজিজ বিন বাজ এর ফাতওয়া সমালোচনা করেছেন, যেখানে তিনি (বিন বাজ) সংসদ সদস্য হওয়া এবং গণতান্ত্রিক নির্বাচনে অংশ নেয়াকে অনুমতি দিয়েছেন। শায়খ আব্দুল কাদির বিন আব্দুল আজিজ বলেন, "আমি বলি এই ফাতওয়াটি ভুল। ইমাম গাজ্জালী (রহ.) যে উদ্ধৃতি আমরা দিয়েছি সেই অনুযায়ী, গুনাহ কখনো নিয়্যতের দ্বারা গ্রহণযোগ্য হতে পারে না। তাছাড়া কুফ্র হচ্ছে সবচেয়ে বড় গুনাহর একটি। আর পার্লামেন্টে অংশ নেয়া হলো কুফ্র, এটা নিয়্যতের কারণে গ্রহণযোগ্য হতে পারে না। এটা এই কারণে যে, পার্লামেন্ট হলো গণতান্ত্রিক ব্যবস্থা প্রয়োগের একটি মাধ্যম। সুতরাং এতে অংশ নেয়া বা ভোট দেয়ার রায় জানতে হলে গণতন্ত্র সম্পর্কিত রায়ও জানতে হবে, আর এই রায়ও নির্ভর করে এর বাস্তবতা জানার উপর।" (আল-জামি ফী তালাব আল ইলম আশ শরীফ- ১/১৪৭-১৪৮)

সুতরাং উত্তম নিয়্যত দিয়ে একটি গুনাহকে অনুমোদন দেয়া যাবে না। আর মুসলিমদের যুল্ম থেকে রেহাই দেয়ার নামে কুফ্র বা শির্ক করাতো কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়। যদি তাই হতো তাহলে আমরা বাইবেল আর মূর্তি বিক্রয় করে অভাবী মুসলিমদেরকে সাহায্য করতাম!

৫। নীতিমালা: ভালো কাজের আদেশ দেয়া এবং মন্দ কাজের নিষেধ করা

গণতন্ত্রের পক্ষে যারা কথা বলেন তারা এই নীতিটিও ব্যবহার করে থাকেন। যে প্রার্থীর আদর্শ মুসলিমদের জন্য কম ক্ষতিকর বা কিছুটা উপকারী তাকে নির্বাচিত করার সাথে তারা এই নীতিটির তুলনা করেন। কারণ, এতে ভালো প্রার্থীর ভালো কাজে সহায়তা করে মন্দ প্রার্থীকে বাঁধা দেয়া হচ্ছে।

এক্ষেত্রে আমাদের স্পষ্ট বক্তব্য হলো গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণই হলো শির্ক, আর এটাকেই সর্বপ্রথম নিষেধ করতে হবে। গণতন্ত্রের মাধ্যমে মানুষ আল্লাহ্ তা'আলার পাশে অন্যকে স্থাপন করে আইন রচনার জন্য- যা সুস্পষ্ট শির্ক। যে ব্যক্তি এই বিষয়টি বুঝতে পারে, সে খুব সজজেই বুঝতে পারবে যে উপরোক্ত নীতিটি কতটা ভুল স্থানে ব্যবহার করা হয়েছে। তারা যেভাবে এই নীতিটি ব্যবহার করে তা একেবারেই উল্টো, এই নীতির সঠিক ব্যবহার বরং তাদেরই বিরুদ্ধে যায়।[১২]

---

১২ এক শ্রেণীর লেখকরা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণকে বৈধ বলেই ক্ষান্ত হয় না- গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করা একজন মুসলমানের জন্য আবশ্যকীয় কর্তব্য বলে মনে করে (নাউযুবিল্লাহ্)। শুধু তাই নয়, যারা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণের বিরুদ্ধে কথা বলেন এবং মানুষদের এটা থেকে বিরত থাকতে বলেন তাঁদেরকে এইসব লেখক যালিম বলে আখ্যা দিয়ে থাকেন।

ভাল কাজের আদেশ এবং খারাপ কাজের নিষেধ করার ক্ষেত্রে সবচেয়ে বড় শর্ত হলো, এর পন্থাটি শরীয়ত সম্মত হতে হবে। অর্থাৎ, কোন চোরের চুরি বন্ধ করতে তাকে হত্যা করা যাবে না বা কাউকে সুদ দেয়া থেকে বিরত রাখতে তার টাকা ছিনতাই করা যাবে না অথবা পরিবারকে তার অত্যাচার থেকে রক্ষা করতে পরিবারের মানুষদেরকে অপহরণ করা যাবে না। এই সামান্য বিষয়টি বোঝা মোটেই কঠিন কিছু নয় যদি সে ভালো কাজের আদেশ ও মন্দ কাজের নিষেধ করার বিষয়টি বোঝে।

এক্ষেত্রে আরো একটি শর্ত হলো, ঐ মুনকার (খারাপ) নিষেধ করতে গিয়ে যেন আরো বড় মুনকার (ক্ষতি) না হয়ে যায় তা নিশ্চিত করা। শায়খুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ (রহ.) বলেন, "এবং (ভালো কাজের) আদেশ ও (মন্দ কাজের) নিষেধকারীরা যদি জানে যে এর প্রতিফলে ভালোর সাথে সাথে মিশ্রিত হয়ে কিছু মন্দও ঘটবে, তাহলে তাদের জন্য এটি করার অনুমতি নেই যতক্ষণ না তারা এর ফলাফলের (বিশুদ্ধতার) ব্যাপারে নিশ্চিত হয়। যদি ভালো ফলাফলের প্রাধান্য থাকে, তবে তারা এটি চালিয়ে যাবে। আর যদি মন্দ ফলাফলের প্রাধান্য থাকে, তাহলে তাদের জন্য এটি করা নিষেধ, যদিও এর দ্বারা কিছুটা ভালো (ফলাফল) বিসর্জন দিতে হয়। এক্ষেত্রে এই ভালো কাজের আদেশ করা, যার পরিণতি খারাপ একটি খারাপ বা মুনকার-এ পরিণত হয় যা আল্লাহ্ ও রাসূলের (সা.) অবাধ্যতা বৃদ্ধি করে।" (আল আমর বিল মারুফি ওয়ান-নাহিয়্যু 'আন আল-মুনকার, পৃঃ ২১)

ইবনে কাইয়্যিম (রহ.) বলেন, "সুতরাং যদি কারো মন্দ কাজের নিষেধ করা আরো বড় মন্দের দিকে পরিচালিত করে যা আল্লাহ্ (সুব.) ও রাসূল (সা.) বেশী অপছন্দ করেছেন (প্রথম মন্দের চেয়ে), তাহলে তা নিষেধ করা বৈধ নয়। যদিও আল্লাহ্ (সুব.) এটি (প্রথম মন্দ) অপছন্দ করেন এবং এটি যারা করে তাদের অপছন্দ করেন।" (ইলাম আল-মুওয়াক্কীন, খন্ড ৩, পৃঃ ৪)

যারা মন্দ প্রার্থী আর ভালো প্রার্থীর কথা বলে নির্বাচনে অংশ নেয়াকে বৈধ করে; তারা এ মন্দ ঠেকাতে শির্‌ক বা কুফ্‌রীর মতো মূল্য দিতে বলে। দু'টি জিনিসকে মেপে দেখুন তো, সমান হয় কিনা। এক্ষেত্রে যদি আমরা ইরাকের মুসলিমদের উপর অত্যাচার কমানোর কথা চিন্তা করি, তাহলেও কি আমরা শির্‌ককে বিনিময় হিসাবে ধরতে পারি। আল্লাহ্ বলেছেন, ***"ফিৎনা হত্যা অপেক্ষা গুরুতর।"*** (সূরা আল-বাকারা ২: ২১৭)
এখানে, ফিৎনা বলতে আল্লাহ্ (সুব.) শির্‌ক ও কুফ্‌রীকে বুঝিয়েছেন, যা অধিকাংশ তাফসীরে পাওয়া যায়। শায়খুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ (রহ.) বলেছেন, "যদিও হত্যা করার মাঝে পাপ ও অমঙ্গল রয়েছে তবে কাফিরদের ফিৎনার (কুফ্‌রী) মাঝে রয়েছে তার চেয়েও অধিক গুরুতর পাপ এবং অমঙ্গল।" (আল-ফাতওয়া- ২৮/৩৫৫)

শায়খ আলী আল-খুদাইর তাঁর "লা- ইলাহা ইল্লাল্লাহ্" -এই সাক্ষ্য দানে আহবান" বইটিতে শায়খ সুলাইমান বিন সাহমান (রহ.) এর উদ্ধৃতি দিয়ে বলেছেন, "আল-ফিৎনাহ হলো কুফ্‌র। সুতরাং সমস্ত বেদুঈন ও নগরবাসী যদি যুদ্ধ করে শেষ হয়ে যায় তা অনেক কম গুরুতর ঐ জমীনে একটি তাগুতকে নির্বাচন করার চেয়ে যে এমন আইনে শাসন করে যা ইসলামের শরীয়াহ্ বিরোধী।"

সুতরাং এ ব্যাপারে কোন সন্দেহের অবকাশ নেই যে, ভালো কাজের আদেশ ও মন্দ কাজের নিষেধের অজুহাতে শির্‌ক করা যাবে না, তাতে অত্যাচার যতই কমে যাবার সম্ভাবনা থাকুক, তাতে কিছুই যায় আসে না। এটা এ জন্যই যে, মুসলিমরা অত্যাচারের কারণে যে ক্ষতির শিকার হচ্ছে, তার চেয়ে বড় ক্ষতিগ্রস্ত হবে শির্‌ক করার মাধ্যমে।

৬। নীতিমালা: নিতান্ত প্রয়োজনে হারাম গ্রহণ করার অনুমতি

যারা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ হারাম বলে মনে করেন, তারা অজুহাত দেন যে, এখন মুসলমানদের জন্য একটি জরুরী অবস্থা বিরাজ করছে, সুতরাং এমতাবস্থায় হারাম কাজে অংশগ্রহণ করাকে ইসলাম সমর্থন করে। অর্থাৎ যে জিনিসটি হারাম ছিল তা এই প্রেক্ষাপটে বা পরিস্থিতিতে হালাল!

এই নীতির ক্ষেত্রে কয়েকটি বিষয় বিবেচনা করা উচিত যা তারা করেননি। কারণ, এ নীতিটি সর্বক্ষেত্রে সার্বজনীনভাবে প্রয়োগ করার মতো নয়। বরং এক্ষেত্রে কিছু ব্যতিক্রম আছে এবং কিছু বাধ্যবাধকতা বা সীমা আছে যার কারণে গণতান্ত্রিক নির্বাচনের ক্ষেত্রে এই নীতির ব্যবহার গ্রহণযোগ্য নয়।

প্রথমত: অনেক বিষয় আছে যেগুলোকে 'প্রয়োজন' বা 'জরুরী' বলা যায় না। সুতরাং আমাদের সতর্ক হতে হবে যেন আমরা সত্যিকার প্রয়োজন ছাড়া এর নীতির নমনীয়তাকে ব্যবহার না করি। মানুষের 'প্রয়োজন' বা জরুরী অবস্থা ৫ প্রকারের:

(১) দ্বীনের জন্য আবশ্যকীয়
(২) জীবনের জন্য আবশ্যকীয়
(৩) মানসিক সুস্থতার জন্য আবশ্যকীয়
(৪) রক্ত (বংশ) বা সম্মান রক্ষার্থে আবশ্যকীয়
(৫) সম্পদের ক্ষেত্রে আবশ্যকীয়

এই সকল প্রয়োজনীয়তা সমান পর্যায়ের নয়। যেমন, কারো জ্বিনা করা বা কোন মাহ্‌রাম মহিলাকে নিক্বাহ (বিবাহ) করার অজুহাত কখনো এই হতে পারে না যে, আমার যৌন আকাঙ্খা পূরণ করা আবশ্যকীয় হয়ে পড়েছিল। সুতরাং সকল প্রয়োজনকেই এই নীতির আওতায় ফেলা যাবে না, এক্ষেত্রে একটি সীমারেখা আছে।

দ্বিতীয়ত, শির্‌ক বা কুফ্‌রের ক্ষেত্রে এই নীতি কখনোই গ্রহণযোগ্য নয়। কারণ শির্‌ক এবং কুফ্‌র থেকে নিজেকে রক্ষা করাই সবচেয়ে আবশ্যকীয় ব্যাপার, মানুষের দ্বীন রক্ষা করাটাই তার সবচেয়ে বড় প্রয়োজন। একটি প্রয়োজন রক্ষা করতে গিয়ে আরো বড় প্রয়োজন বিসর্জন দেয়া কখনোই অনুমোদনযোগ্য নয়। শুধুমাত্র ইকরাহ (চূড়ান্ত জোর জবরদস্তি)-এর ক্ষেত্রেই এটি গ্রহণযোগ্য হতে পারে। আমরা শির্‌ক ও কুফ্‌রকে হালাল করার জন্য এমন একটি নীতির সাহায্য নেয়ার কথা কিভাবে ভাবতে পারি?

শায়খুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ (রহ.) বলেছেন, নিশ্চয় যেসব বস্তু হারাম; এর মধ্যে যেসব বস্তু কোন অবস্থাতেই ইসলামের শরীয়াহ্‌তে অনুমোদন দেয়া হয়নি এবং এ ব্যাপারে স্পষ্ট বর্ণনাও রয়েছে, (সেগুলো) না আবশ্যকীয়তায় আর না এছাড়া অন্য কোন কারণে অনুমোদনযোগ্য, যেমন, শির্‌ক, অবৈধ যৌনাচার এবং আল্লাহ্‌র ব্যাপারে জ্ঞান ছাড়া কথা বলা এবং স্পষ্ট সীমালংঘন। এই চারটি বিষয় হলো সেইগুলো যার সম্পর্কে আল্লাহ্‌ (সুব.) বলেছেন, ***"বলুন: আমার রব হারাম করেছেন যাবতীয় প্রকাশ্য ও অপ্রকাশ্য অশ্লীলতা, পাপ কাজ, অসংগত বিরোধীতা, আল্লাহ্‌র সাথে এমন কিছু শরীক করা যার কোন প্রমাণ তিনি নাযিল করেননি এবং আল্লাহ্‌র প্রতি এমন কথা আরোপ করা যা তোমরা জান না।"*** (সূরা আল-আরাফ ৭: ৩৩)

এই বিষয়গুলো সকল শরীয়াহ্‌তেই হারাম করা হয়েছে, আর এগুলোর ব্যাপারে সাবধান করতে আল্লাহ্‌ নবী রাসূলদের পাঠিয়েছেন এবং কোন অবস্থাতেই এগুলো হালাল ছিল না, কঠিন সময়েও নয়। আর এ কারণেই এই আয়াতটি মক্কায় নাযিল হয়।

শায়খ আলী আল খুদাইর, শায়খ হামাদ বিন আতিকের উদ্ধৃতি দিয়ে বলেছেন: *নিশ্চয় আল্লাহ্‌ তোমাদের উপর হারাম করেছেন মৃত জন্তু, রক্ত, শুকরের মাংস এবং যার উপর জবাইয়ের সময় আল্লাহ্‌র নাম ছাড়া অন্য নাম উচ্চারিত হয়েছে। কিন্তু যে ব্যক্তি অনন্যোপায় হয়ে পড়ে এবং নাফরমান ও সীমালংঘনকারী না হয় তার কোন পাপ হবে না। নিশ্চয়ই আল্লাহ্‌ পরম ক্ষমাশীল, অসীম দয়ালু।"* (সূরা আল-বাকারা ২: ১৭৩)

সুতরাং এখানে 'অনন্যোপায়' অবস্থায় থাকাকে শর্ত করা হয়েছে, যেন এগুলো কোন ব্যক্তি ইচ্ছাকৃত অন্যায় বা সীমালংঘন থেকে না খায়। এই দুইটি বিষয়ের মধ্যে (প্রয়োজন এবং জোর-জবরদস্তি) পার্থক্য অস্পষ্ট বা গোপন নয়।" তিনি (ইবনে আতিক) আরো বলেছেন, এবং অনন্যোপায় ব্যক্তির জন্য মৃত বস্তু খাওয়ার অনুমতির মাঝে কি এমন কিছু আছে যা সেচ্ছায় দ্বীন ত্যাগ করাকে সমর্থন করে?! এ ধরনের তুলনা কি এমন নয় যে, একজন ব্যক্তি তার বোন বা মাকে বিয়ে করল, সেই নীতির ভিত্তিতে যেখানে একজন স্বাধীন মানুষকে একটি দাসীকে বিয়ে করার অনুমতি দেয়া হয়েছে যদি ব্যভিচারে লিপ্ত হওয়ার আশংকা থাকে অথবা তার বিয়ে করার যোগ্যতা নেই (একজন স্বাধীন নারীকে)? এই বিভ্রান্তি ছড়ানো মানুষগুলো তাদের চেয়েও বেশী (বাড়াবাড়ি) করছে যারা তুলনা করে- ***"বেচাকেনা তো সুদেরই মতো।"*** (সূরা আল-বাকারা ২: ২৭৫)। [হিদায়াত আত-তারিক, পৃঃ ১৫১]

শায়খ আলী আল খুদাইর বলেছেন: "আমরা বলি, অনন্যোপায় ব্যক্তির জন্য মৃত জীব ভক্ষণের অনুমতির মাঝে কি এমন কিছু আছে যা শির্‌কের সমাবেশে প্রবেশের অনুমতির দিকে ইঙ্গিত করে, যেখানে ধর্ম নিরপেক্ষ ও তাগুত সরকারের সাথে জোট করা হয় 'দাওয়ার উপকারীতা'র নামে।" (আল জামু ওয়াত তাজরিদ ফী শারহি কিতাব আত তাওহীদ, পৃঃ ১২১)

৭। নীতিমালা: জোর জবরদস্তি বা নিপীড়নের ক্ষেত্রে কুফ্‌রী ক্ষমার যোগ্য

এর আগের (৬ নং) পয়েন্টে আমরা এব্যাপারে প্রমাণ দিয়েছি যে প্রয়োজনে কুফ্‌র বা শির্‌ক করার কোন অনুমতি নেই। আমরা এখন যে নীতিটি আলোচনা করবো তা হচ্ছে নির্বাচনের পক্ষ অবলম্বনকারীদের শেষ অস্ত্র। তারা যেকোন উপায়ে বলতে চায়

যে, এটি একটি ইকরাহ (জোর-জবরদস্তি) সংক্রান্ত বিষয়। হ্যাঁ, আমরাও বলছি যে, যদি কোন ব্যক্তি সত্যিকার অর্থেই জোর-জবরদস্তি নিপীড়নের স্বীকার হয়, তাহলে তার জন্য এটি ক্ষমাযোগ্য। কিন্তু, আমরা যেই বিষয় নিয়ে আলোচনা করছি এই ক্ষেত্রে ইকরাহর সংজ্ঞা ও শর্তাবলীর সাথে কোন সামঞ্জস্য নেই। প্রথম কথা হল, এই নীতিমালা সেই ব্যক্তির জন্য প্রযোজ্য নয় যে স্বেচ্ছায় কোন কাজ করে। এক্ষেত্রে যে তাকে জোরপূর্বক করানো হয়েছে, সেই প্রমাণ থাকতে হবে।

আলা আদ্-দ্বীন আল-বুখারী সংজ্ঞা অনুযায়ী জবরদস্তি হলোঃ কারো ইচ্ছার বিরুদ্ধে তাকে কোন ব্যাপারে ভয় দেখিয়ে কোন কাজ করতে বাধ্য করা হয় যা সে করতেও সক্ষম। তাই অন্য ব্যক্তি সন্ত্রস্ত হয় এবং জবরদস্তি বাস্তবায়নে তার সন্তুষ্টি দূরীভূত হয়।

ড. মুহাম্মদ বিন আব্দুল্লাহ আল ওয়াহাবী বলেন, "এটা সেই প্রকারের যেখানে শুধুমাত্র ঐ নিপীড়িত ব্যক্তিকেই জোর করা হচ্ছে এবং তার আর কোন উপায় বা ক্ষমতা নেই।" (নাওয়াকিদ আল ঈমান আল ইতিকাদিইয়্যাহ ওয়া যাওয়াবিত আত তাকফির ইনদাস সালাফ, ২/৭)

সুতরাং, যারা এই যুক্তি দিয়ে গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করাকে বৈধ করে তারা কখনোই এই দাবী করতে পারে না যে তাদেরকে এই কাজ করার জন্য বাধ্য করা হয়েছে। কারণ, এখানে মুসলিমদেরকে বলা হয় 'স্বতস্ফুর্তভাবে ভোটে অংশগ্রহণ করুন'।

'ইক্‌রাহ' -এর শর্তের ব্যাপারে ইবনে হায্‌র (রহ.) বলেন, ইক্‌রাহ'র ৪টি শর্ত রয়েছেঃ

প্রথমতঃ যে জোর করছে তার ঐ হুমকি বাস্তবায়নের ক্ষমতা রয়েছে সেই সাথে যাকে জোর করা হচ্ছে সে এটি ঠেকাতে এমনকি এর থেকে পালাতেও অক্ষম।

দ্বিতীয়তঃ এ ব্যাপারে তার সুস্পষ্ট ধারণা আছে যে, সে যদি অসম্মতি প্রকাশ করে তাহলে ঐ হুমকি তার ওপর পড়বে।

তৃতীয়তঃ তাকে যে হুমকি দেয়া হচ্ছে তা অতি নিকটে অর্থাৎ যদি বলা হয়, "তুমি যদি এটা না কর, তোমাকে আগামীকাল মারব", তাহলে তাকে নিপীড়িত বলা যাবে না। এক্ষেত্রে একটি ব্যতিক্রম রয়েছে, তাহলো যদি নিপীড়নকারী একটি সময় নির্ধারণ করে দেয় যা অতি অল্প এবং সাধারণত সে এই সময় পরিবর্তন করে না।

চতুর্থতঃ যাকে জোর করা হয়েছে তার থেকে এমন কিছু প্রকাশ হবে না যা দ্বারা বোঝা যায় যে সে স্বেচ্ছায় অংশগ্রহণ করেছে। (ফাত্‌থ আল-বারি, খন্ড ১২, পৃঃ ৩১১)

সুতরাং এই নীতিটি সঠিক যে, সত্যিকার অর্থেই যদি কাউকে বাধ্য করা হয় তবে তার নির্বাচনে অংশগ্রহণ ক্ষমা যোগ্য। তবে আলোচনা থেকে এটা স্পষ্ট যে, তারা যেটাকে এখন ইকরাহ বা জোর-জবরদস্তি বলছেন তা আসলে ইকরাহ-ও শর্তাবলী পূর্ণ করে না।

জোর জবরদস্তি সংক্রান্ত একটি উল্লেখ্য বিষয়

বর্তমানে ইরাক ও অন্যান্য স্থানে আমাদের ভাই-বোনদের ওপর যে অত্যাচার নিপীড়ন চলছে, তাতে তারা অনেকেই 'ইকরাহ' -এর পরিস্থিতিতে পড়েছেন। অনেক ক্ষেত্রেই তাদের অবস্থা ইকরাহ-র সংজ্ঞা ও শর্তাবলীর আওতায় পড়ে। এ ব্যাপারে কোন সন্দেহই নেই যে আল্লাহ্‌র শত্রুরা (আল্লাহ্‌ তাদের ধ্বংস করুন) আমাদের ভাই বোনদের নির্যাতন করেছে, ধর্ষণ করেছে, হত্যা করেছে এবং এখনও করছে। এসব অত্যাচারের বিশদ বর্ণনা কেউ পড়লে সে অবশ্যই বলবে যে, তাদেরকে ঐসব অবস্থায় শির্‌ক ও কুফ্‌র করতে বাধ্য করলে তাদের কিছুই করার ছিল না।

কিন্তু, বাস্তবতা হলো যে, ইরাকের ঐসব নির্যাতিত ভাই-বোনরা নয় বরং সেই সব মানুষ নির্বাচনের দিকে ডাকছে যারা মোটামুটি আরামেই আছেন। আর একারণেই এসব মানুষের ক্ষেত্রে ইকরাহ'র এই নীতি প্রয়োগ করা যায় না। পৃথিবীর এক অংশের মুসলিমদের উপর অত্যাচার হচ্ছে সেটিকে তারা নিজেদের কুফ্‌র বা শির্‌কের জন্য অজুহাত করতে পারেন না। এদেরকে কোন অবস্থাতেই নির্বাচনে অংশ নিতে বাধ্য করা হচ্ছে না, আর এ অবস্থাকে নিপীড়ন বলা যাবে না।

গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণকারীদের ব্যাপারে রায়

যারা এই শির্‌কী কর্মকান্ডে অংশগ্রহণ করে তারা যে কুফ্‌রীতে লিপ্ত এ ব্যাপারে কোন সন্দেহ নেই। কিছু সন্দেহ-সংশয় ও ভুল ধারণার অজুহাতে তাদের এসব কাজ অনুমোদনযোগ্য নয়, যা আমরা পূর্বেই আলোচনা করেছি। তবে এটাও সমানভাবে নিশ্চিত যে অনেক মুসলমান ব্যাপারটির আসল রূপ পুরোপুরি অনুধাবন না করে গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণে সকলের প্রতি আহবান জানায়। এটা হলো একটি দিক। তাছাড়াও এটা স্পষ্ট যে তারা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করে ক্ষতির পরিমাণ কমিয়ে সমাজে কিছু ভাল আনয়নের উদ্দেশ্য। যদিও আমরা বলি না যে ভাল নিয়্যতে কোন কাজ করলেই তা শির্‌ক ও কুফ্‌রী থেকে অব্যাহতি পাওয়া যাবে। আসলে সঠিক ব্যাপার হল শির্‌ক ও কুফ্‌রী করার ব্যাপারে অজ্ঞতা তাদের ভাল নিয়্যতের কারণে তাদের কুফ্‌রীর বাইরে নিয়ে আসে না।

অতএব, ভালো উদ্দেশ্য নিয়ে কোন শির্‌ক বা কুফ্‌র করলেই সেটা ক্ষমা করা হবে এমন কথা আমরা বলতে পারি না। তবে যেহেতু অনেকেই এই বিশেষ (গণতন্ত্র) বিষয়ে অজ্ঞ আর তাছাড়া বিষয়টি আরও জটিল হয় যখন এটি জায়েয করার লক্ষ্যে আলেমগণ ফিকহের সেই সব নীতির ভিত্তিতে নানান ফাতওয়া দেন, যেগুলো আমরা এই প্রবন্ধে ইতিমধ্যে ব্যাখ্যা করেছি। সুতরাং এরকম অবস্থায় যে কাউকে তৎক্ষণাৎ কাফির বলাটা বাড়াবাড়ি বা উগ্রতা। যতক্ষণ না তার কাছে এ বিষয়টি পরিষ্কার তুলে ধরা হচ্ছে এবং এসকল বিভ্রান্তি অপসারণ করা হচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা তাকে তাকফির করতে পারি না।

যারা তড়িঘড়ি করে সকল ভোটদানকারীকে তাকফির করে এবং এ ব্যাপারে বাড়াবাড়ি করে তাদেরকে সতর্ক করে দিয়ে আবু মুহাম্মাদ আসিম আল-মাকদিসী বলেন, "এর মাঝে কিছু মানুষ আছে, যাদেরকে ডেকে আনা হয় ঐসব ব্যানার বা পোস্টারের সামনে যেখানে লেখা থাকে, "ইসলামই একমাত্র সমাধান" (অর্থাৎ ইসলামী দলে ভোট দেন) অথবা এ ধরনেরই কোন শ্লোগান যা দ্বারা মুশরিক শাসকরা জনগণকে বিভ্রান্ত করে থাকে। অতঃপর তারা তাদেরকে ভোট দেয় এবং নির্বাচিত করে, কারণ তারা ইসলামকে ভালবাসে এবং শরীয়তের অনুগত থাকতে চায়; তাছাড়া এই শির্‌কের ব্যাপারে তাদের কোন জ্ঞান নেই বা শির্‌কের গভীরে প্রবেশ করার ঐরূপ ইচ্ছাও তাদের নেই যেরূপ রয়েছে নির্বাচিত প্রতিনিধিদের যারা ইসলামের বেশ কিছু আইন নিজেদের অধিকারে নিয়ে নেয়। সুতরাং যারা সরাসরি আইন প্রণয়নের অধিকার নেয়নি বা কুফ্‌র আইনের সম্মানে শপথ বাক্য পাঠ করেনি বা এর কাছে বিচার প্রার্থনা করেনি অথবা কথা ও কাজে এমন কোন কুফ্‌র করেনি যা নির্বাচিত প্রতিনিধিগণ করে থাকে; তাদের (তাকফির করার) ক্ষেত্রে এসকল বিষয়ও বিবেচনা করতে হবে। কারণ, এ কথা সবারই জানা যে একজন ভোটার কখনও সরাসরি এসব কাজ করে না। বরং সে শুধু তার পছন্দের প্রার্থীকে/ব্যক্তিকে নির্বাচিত করে।"

তিনি আরও বলেন, আর একারণেই আইন প্রণয়নকারী প্রতিনিধিদের কর্মকান্ডের বাস্তবতা এবং এর মধ্যে যেসব কাজ কুফ্‌র এবং তাওহীদ ও ইসলাম বিনষ্টকারী সেগুলো ব্যাখ্যা করে স্পষ্ট করার আগে এমন কাউকে (ভোটার) তাকফির করার জন্য ব্যস্ত হওয়া জায়েয নয়। এরপরও যদি সে ভোট দান করে তবে সে কুফ্‌রী করল। সুতরাং ভোটারদের ক্ষেত্রে পার্থক্যসমূহ অবশ্যই বিবেচনা করতে হবে, সবাই আইন প্রণেতা তৈরীর উদ্দেশ্যে ভোট দেয় না তাদের (অজ্ঞতার কারণে) অন্য উদ্দেশ্য থাকতে পারে। সুতরাং এক্ষেত্রে তার কাছে সত্য প্রকাশ করার আগে তাকে তাকফির করা যাবে না। যদিও বাহ্যিক দৃষ্টিতে, যে তার নিয়্যত জানে না তার কাছে মনে হবে যে, ঐ ব্যক্তি কুফ্‌রী কাজে লিপ্ত আছে। কারণ, গণতন্ত্রের ক্ষেত্রে অনেক ভুল বোঝাবুঝি, অপব্যাখ্যা ও বিভ্রান্তি সৃষ্টি হয়েছে; আর তাছাড়া 'গণতন্ত্র', 'পার্লামেন্ট' গুলো সবই বিদেশী শব্দ, তাই অনেকেই

বাস্তবতা না বুঝে এর কর্মকান্ডে জড়িয়ে পড়ে। এর উদাহরণ হলো ঐ ব্যক্তির মত যে এমন কিছু কথা মুখ দিয়ে বলেছে যার অর্থ সে নিজেই জানে না।

সুতরাং যারা গণতন্ত্র ও এতে ভোটদানের ব্যাপারে ইসলামের সিদ্ধান্ত জানে; তাদের একান্ত দায়িত্ব হলো মানুষের কাছে এ বিষয়টি স্পষ্টভাবে তুলে ধরা এবং এ বিষয়ক বিভ্রান্তিসমূহ দূর করা।

উপসংহার

হে পাঠক! কোন সন্দেহ নাই মুসলিমরা আজ ভয়াবহ অত্যাচারের শিকার হচ্ছে। আজ আমাদের ভাই-বোনদের উপর সংঘটিত হয়ে চলছে পৃথিবীর নৃশংসতম নির্যাতন, গণহত্যা; যা দেখে চোখের পানি ঝড়ছে আর হৃদয়ে আগুন জ্বলছে। এই বর্তমান অবস্থা দেখেও যদি কারো অন্তর নাড়া না দেয় তাহলে সে যেন তার ঈমানের ব্যাপারে নিজেকে প্রশ্ন করে আর তার মৃত অন্তরকে পরীক্ষা করে দেখে।

একই সাথে, আমরা আমাদের ভাই-বোনদের সাবধান করে দিতে চাই শয়তানের চক্রান্ত থেকে যে সর্বাত্মকভাবে আমাদের পথভ্রষ্ট করতে চায়। উত্তম আমলের নামে, ইসলামের প্রতি আমাদের ভালবাসাকে কৌশলে কাজে লাগিয়ে তারা আমাদের শির্কের মাঝে প্রবেশ করাতে সদাতৎপর। আর একথাও মনে রাখা দরকার যে, সকল রাজনৈতিক কর্মকান্ডই নিষিদ্ধ নয়। যদি এগুলো শির্ক বা কুফ্রের আওতায় না পড়ে এবং রাসূলের (সা.) সুন্নত অনুযায়ী পালন করা হয় তাহলে কোন বাধা নেই। যেমন, আলোচনা সভা, সমাবেশ, প্রচারণা, ইত্যাদি কিছু রাজনৈতিক কর্মকান্ড যেগুলো শরীয়তের কোন নিষেধ নেই।

পরিশেষে বলতে চাই, আমাদের প্রয়াসটি ছিল সাম্প্রতিক কালে উত্থিত এই বিতর্ককে ঘিরে যা বেশ কিছু লেখকের প্রবন্ধকে ঘিরে জমে উঠেছে। আমরা শুধু চেয়েছি, গণতান্ত্রিক নির্বাচনে অংশ নেয়ার পরিণতি সম্পর্কে আলোচনা করতে এবং তাদের কিছু সংশয়ের জবাব দিতে এবং তাদের যুক্তি তর্কাদিগুলো খন্ডন করতে।

আমাদের এই প্রয়াসের মাঝে যদি সঠিক কিছু থাকে, তাহলে তা নিশ্চয় আল্লাহ্ (সুব.) -এর তরফ থেকে আর এর ভেতরে যদি কোন ভুল বা সীমাবদ্ধতা থাকে তাহলে তা আমাদের এবং শয়তানের থেকে, আমরা তার থেকে আল্লাহ্র কাছে আশ্রয় চাই। সালাত ও সালাম বর্ষিত হোক আমাদের রাসূল মুহাম্মাদ (সা.) এর উপর, তাঁর পরিবার, তাঁর সাহাবা এবং কিয়ামত পর্যন্ত তাঁর অনুসারীদের উপর।